আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে

বাংলা পত্রিকা


The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ ॥ সংখ্যা ২৯ ॥ সোমবার ॥ বৈশাখ ০২ ॥ ১৪৩১ ॥ শাওয়াল ৬ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 29 ॥ April 15 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা নববর্ষের শুভেচ্ছা প্রেসিডেন্ট বাইডেনের



বাংলা পত্রিকা ডেস্ক: বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন ও তার স্ত্রী জিল বাইডেনে। স্থানীয় সময় **(বাকি অংশ ১১ পাতায়)**

উইনের আন্তেষ্টিক্রিয়া সম্পন্ন : জ্যামাইকায় দূর্বৃত্তের হামলায় ও মিশিগানে পুলিশের গুলিতে ২ বাংলাদেশী নিহত







ছবিতে বাঁ থেকে উইন রোজারিও, জাকির হোসেন খসরু ও হোসেন আলী রাজি

কমিউনিটি নিরব কেন?

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কের ওজনপার্কে পুলিশের গুলিতে বাংলাদেশী উইন রোজারিও হত্যার পর এবার মিশিগান রাজ্যে আবারো পুলিশের গুলিতে এক বাংলাদেশী নিহতের ঘটনা ঘটেছে। অপরদিকে নিউইয়র্কে উইনের আন্তেষ্টিক্রিয়া সম্পন্ন হয়েছে। এসব হত্যাকান্ড নিয়ে প্রথম প্রথম প্রতিবাদ, বিক্ষোভ সমাবেশ হলেও নেই কোন লাগাতার প্রতিবাদ- এমন প্রশ্ন সচেতন প্রবাসীদের। তারা বলছেন কমিউনিটি নিরব কেন? এসব হত্যার বিচাদার দাবীতে তারা সোচ্চার হওয়ার পাশাপাশি শক্ত প্রতিবাদ প্রত্যশা ভুক্তভোগীদের। এদিকে গত মাসের ২৭ জানুয়ারী সিটির ওজনপার্কে বাসায় মায়ের বুকে থাকাবস্থায় পুলিশের গুলিতে উইন রোজারিও নিহত হওয়ার পর গত ৬ এপ্রিল শনিবার তার অন্তেষ্টিক্রিয়া সম্পন্ন হয়েছে। প্রবাসী খ্রীষ্টান সম্প্রদায় সহ বিপুল সংখ্যকপ্রবাসী বাংলাদেশী অশ্রুভেজা চোখে তার অন্তেষ্টিক্রিয়ায় যোগ দেন। বিশেষ শ্রদ্ধা জানানো **(বাকি অংশ ০৬ পাতায়)**

হাবিব রহমানের কলাম
ঈদুল ফিতরের জামাত এবং আয়োজকদের সময়জ্ঞান



আমি নিউইয়র্কের ব্রঙ্কসে যে মসজিদে ঈদের নামাজ আদায় করি তাদের উদ্যোগে খোলামাঠে নামাজের ঘোষিত সময় ছিলো প্রথম জামাত সকাল ৮টা এবং দ্বিতীয় জামাত ৮.৪৫ মিনিটে। প্রতিবছরের মতই প্রথম জামাতে অংশ গ্রহনের জন্য মাঠে হাজির হই। ইমাম সাহেব তাঁর ওয়াজ থামালেন ৮.০১ মিনিটে। ভাবলাম এখন জামাত শুরু হবে। কিন্তু না, তারপর শুরু হলো মসজিদ কমিটি নেতৃবৃন্দের **(বাকি অংশ ০৮ পাতায়)**

ইসরায়েলকে লক্ষ্য করে ইরানের তিন শাতাধিক ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা : প্রতিশোধ নেওয়ার হুমকি ইসরায়েলের

মধ্যপ্রাচ্যে উত্তেজনা, ট্রাই ষ্ট্রেট জুড়ে নিরাপত্তা জোরদার

বাংলা পত্রিকা ডেস্ক: ইসরায়েলে প্রথমবারের মতো ইরানের সরাসরি হামলা পর ইসরায়েলের প্রতি সমর্থন পুনর্ব্যক্ত করেছে যুক্তরাষ্ট্র। তবে সঙ্গে সঙ্গে এই বার্তাও দিয়েছে যে, ইসরায়েল যদি ইরানে পাল্টা আক্রমণ করতে চায়, তা যুক্তরাষ্ট্র সমর্থন করবে না। প্রেসিডেন্ট জো বাইডেন শনিবার (১৩ এপ্রিল) রাতে ইসরায়েলী প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে টেলিফোনে আলাপকালে এই অবস্থান ব্যক্ত করেছেন। বাইডেন প্রশাসনের এক জ্যেষ্ঠ কর্মকর্তার বরাত দিয়ে সংবাদমাধ্যম এক্সিওস ও সিএনএন এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। তবে সংবাদমাধ্যম দুটি বাইডেন প্রশাসনের সেই কর্মকর্তার নাম প্রকাশ করেনি বিষয়টি স্পর্শকাতর হওয়ার কারণে। প্রতিবেদনে বলা হয়েছে, **(বাকি অংশ ১৩ পাতায়)**



৫ মিলিয়ন ডলারে মুক্তি পেলো ২৩ ক্রু সহ এমভি আব্দুল্লাহ

ঢাকা ডেস্ক: পাঁচ মিলিয়ন ডলার মুক্তিপণ দেওয়ার পর ছিনতাই হওয়া জাহাজ এমভি আবদুল্লাহ ও এর ২৩ জন ক্রুকে ছেড়ে দিয়েছে সোমালিয়ার জলদস্যুরা। রোববার (১৪ এপ্রিল) ভোরে তাদের মুক্তি দেওয়া হয়। আব্দি রাশিদ ইউসুফ নামে এক জলদস্যু রয়টার্সকে বলেন, দুই রাত আগে আমাদের কাছে টাকা আনা হয়েছে। টাকাগুলো জাল কিনা তা আমরা যাচাই করে দেখেছি। এরপর আমরা টাকাগুলো বিভিন্ন **(বাকি অংশ ১২ পাতায়)**

শুভেচ্ছা

বাংলা নববর্ষ ১৪৩১ উপলক্ষ্যে সকল পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের প্রতি রইল শুভেচ্ছা। নতুন বছর সবার জন্য বয়ে আনুক অনাবিল সুখ শান্তি আর সমৃদ্ধি।

-সম্পাদক

ইসরাইলে ইরানের হামলা
প্রতিক্রিয়ায় যা বলল বাংলাদেশ

ঢাকা ডেস্ক: ইসরাইলে নজিরবিহীন হামলা চালিয়েছে ইরান। এর আগে সিরিয়ায় ইরানি কনস্যুলেটে হামলা চালিয়েছে ইসরাইল। দু'দেশের মধ্যে চলমান সংঘাতের ইস্যুতে প্রতিক্রিয়া জানিয়েছে বাংলাদেশ। রোববার পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ যুদ্ধ-বিগ্রহ বন্ধে দায়িত্বশীল রাষ্ট্রগুলোকে ভূমিকা রাখার আহবান জানান। সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় অ্যান্টিগুয়া ও বার্বুডার পররাষ্ট্রমন্ত্রী **(বাকি অংশ ১১ পাতায়)**

আমেরিকান পররাষ্ট্রনীতি দুই ধারায় বিভক্ত

এম এ আলিআমিন: শীতল যুদ্ধ যুগে যখন বলা হতো যুক্তরাষ্ট্রের আরো সংযত ও মার্জিত পররাষ্ট্রনীতি গ্রহণ করা উচিত, নীতি নির্ধারক মহলে সেটা খুব কমই মনোযোগ আকর্ষণ করত। ১৯৫০, ৬০ বা ৭০-এর দশকে যুক্তরাষ্ট্র ভিয়েতনামের প্রতি কঠোর নীতি অনুসরণ করত। 'সংযম বা ধৈর্যশীল রাজনীতি'র দৃষ্টিভঙ্গিটি ঐ সময় প্রসার লাভ করে। শীতল যুদ্ধ যুগে আমেরিকান পররাষ্ট্রনীতিতে সুর নরম করতে বলার অবকাশ বেশি ছিল না। সময়টা ছিল দুই পরাশক্তির **(বাকি অংশ ১২ পাতায়)**

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
- TAX Liens Charge-Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03. 36th Ave. Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ক্যাজিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Point Reduction
718-626-0733
718-626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokerage Inc.
37-11 74th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURY

www.banglapatrikausa.com

Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com





নিউইয়র্কে বিশ্ব শান্তি বিষয়ে জাতিসংঘের ভূমিকা নিয়ে

সেন্টার ফর এনআরবি'র আলোচনা ও ইফতার অনুষ্ঠিত



নিউইয়র্ক: সকলের জন্য বাসযোগ্য ও নিরাপদ পৃথিবী গঠনের আহবানের মধ্য দিয়ে গত ৮ এপ্রিল সোমবার নিউইয়র্কে সেন্টার ফর এনআরবির আলোচনা ও জাতিসংঘ কর্মকর্তাদের সম্মানে আন্তধর্মীয় ইফতার অনুষ্ঠিত হয়। এনআরবি সেন্টারের ওয়ার্ল্ড কনফারেন্স সিরিজ ২০২৪ এর অংশ হিসেবে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনআরবি চেয়ারপার্সন এম এস সেকিল চৌধুরী। অতিথিদের মধ্য উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারপতি খিজির আহমদ, নিউইয়র্ক কুইন্স কোর্টের জাজ সোমা সাঈদ, জাতিসংঘে রাষ্ট্রদূত ও জি ১০০ গ্রুপ যুক্তরাষ্ট্রের সভাপতি সীমা কারাতনায়া, রাষ্ট্রদূত ড. আন্দ্রেই বাস ও নিউইয়র্কে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা।

অনুষ্ঠানে নির্ধারিত আলোচক হিসেবে বক্তব্য রাখেন আন্তর্জাতিক ইসলামী স্কলার ইন্দোনেশিয়ার ড. শামসী আলী, খৃষ্টানিটি স্কলার ড. ফ্রানক কাউফম্যান, জাতিসংঘের সাবেক সুপারিনডেন্ট মোহামেদ সুলায়মান ইয়ার, নিউইয়র্ক সিটি মেয়রের নিরাপত্তা প্রধান হুমায়ুন কবির, টিবিএন ২৪ চ্যানেলের এএফম মিসবাহউজজামান, জ্যামাইকা মুসলিম সেন্টারের নির্বাহী সদস্য জুলকার হায়দার, বাংলাদেশী-আমেরিকান পেশাজীবী ব্যাংকার ওয়াসেফ চৌধুরী, সফ্ টওয়ার ইঞ্জিনিয়ার মোজাফফর আহমদ, এটর্নী জিনাত জাহান ও অ্যাওয়ার্ডপ্রাপ্ত প্রবাসী সানওয়ার চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী এবং অর্থনৈতিক বিষয়ে অর্থ উপদেষ্টা ড. মশিউর রহমানের লিখিত বক্তব্য উপস্থাপন করা হয়।

অনুষ্ঠানে বিচারপতি খিজির আহমদ বলেন, যথেষ্ট হয়েছে আর না, এবার বিশ্বশান্তি নিশ্চিত করতে কাজ করতে হবে রাজনীতিবিদদের, হত্যাযজ্ঞ বন্ধ করতে হবে।

কনসাল জেনারেল নাজমুল হুদা বলেন, রাজনীতিবিদদের সিদ্ধান্ত নিতে হবে, করণীয় ঠিক করে দিতে হবে তবেই না আমরা কুটনীতিকরা দায়িত্ব পালন করতে পারবো। জাতিসংঘ তার সদস্যদের দ্বারা পরিচালিত হয় সুতরাং সদস্য রাষ্ট্রগুলোর ইতিবাচক সিদ্ধান্ত নিতে হবে।

ড. শামসী আলী বলেন, একজন মানুষের মৃত্যু মানে মানবতার মৃত্যু, সুতরাং মৃত্যু রোধ করতে না পারলে মানবতা বিপন্ন হবে।

ড. ফ্রাঙ্ক কাউফম্যান বলেন, কোন মৃত্যু গ্রহন যোগ্য হতে পারেনা।

সানওয়ার চৌধুরী বলেন, দেশে বিদেশে বাংলাদেশের ভাবমুর্তি উন্নয়নে আমার সামান্য অবদান রাখতে পেরে আমি খুশী, এই অ্যাওয়ার্ড আমাকে আরো ভূমিকা রাখতে অনুপ্রাণিত করবে।

সভাপতির বক্তব্যে এনআরবি চেয়ারপার্সন এম এস সেকিল চৌধুরী বলেন, দেশে দেশে সংঘাত, সংখ্যা লঘুদের নির্মূল প্রয়াস, ধর্মীয় বিরোধ, জাতিগত দাঙ্গা ও ক্ষমতাবানদের অত্যাচার বন্ধে জাতিসংঘের বলিষ্ট ভূমিকা নিতে হবে। রাষ্ট্রে রাষ্ট্রে দূর্বলদের অত্যাচার নিরসনে জাতিসংঘের মধ্যস্থতা ও পরামর্শ পালনে শক্তিমানদের বাধ্য করতে সকলকে একযোগে কার্যকর পদক্ষেপ গ্রহনে করতে হবে। সকলের জন্য পৃথিবীকে বাসযোগ্য করতে ধর্মীয় ও বিভিন্ন জাতিগোষ্টি এবং সম্প্রদায়গুলোকে পরস্পরের প্রতি সহনশীল ও ন্যায্য আচরণের মাধ্যমে বিশ্ব শান্তি ও সম্প্রীতি নিশ্চিত করতে জাতিসংঘের লাগসই ও ন্যায়সংগত পদক্ষেপ নিতে হবে। জাতিসংঘ তার করণীয় দায়িত্ব পালনে ব্যর্থ হলে সবলের অত্যাচারে বিশ্বময় সুশীল রাষ্ট্র ব্যবস্থা ও আন্তরাষ্ট্রীয় সম্পর্ক হুমকির মুখে পড়বে। বিভিন্ন দেশে জাতিসংঘের কার্যক্রম ও কর্মীদের নিরাপদ কাজের পরিবেশ ও ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিতে সবাইকে ঐকমত্যে আসতে হবে যাতে উপদ্রুত এলাকায় ত্রাণ বিতরণ ও উদ্ধার কাজ নির্বিঘ্নে পালন করা যায়।

আলোচনা, ইফতার ও নৈশভোজ অনুষ্ঠানে বিভিন্ন পত্রিকার সম্পাদক ও সাংবাদিক প্রবাসী আমেরিকান, ব্যবসায়ী, বিভিন্ন সংস্থার প্রতিনিধি, পেশাজীবী, সামাজিক নেতৃবৃন্দ অংগ্রহন করেন। -প্রেস বিজ্ঞপ্তি।



ইসরায়েলের সঙ্গে ইরান কি এবার সর্বাত্মক যুদ্ধ শুরু করছে

॥ মোহাম্মদ সালামি ॥

সিরিয়ার রাজধানী দামেস্কে ইরানের কনস্যুলেট ভবনে ভয়াবহ হামলায় তিনজন ইরানি কমান্ডারসহ এক ডজনের বেশি নিহত হয়েছেন। এ হামলায় তেহরান তাৎক্ষণিকভাবে প্রতিশোধ নেওয়ার ঘোষণা দেয় এবং জাতিসংঘ নিরাপত্তা পরিষদের জরুরি সভা ডাকার আহ্বান জানান। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) হোসেইন আমির-আবদুল্লাহিয়ান ওয়াশিংটনে তাঁর সরকারের কড়া বার্তা পৌঁছে দেন। সেই বার্তায় তেহরান জানায়, 'জায়নবাদী সরকারের' সমর্থক হিসেবে যুক্তরাষ্ট্রকেও অবশ্যই এর দায় নিতে হবে।

এটা পরিষ্কার যে ইরান প্রতিশোধ নিতে চায়। ইরানের শীর্ষ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি বলেছেন, 'এই বদমাইশদের আমাদের সাহসী সন্তানেরা অবশ্যই শায়েস্তা করবে। এই অপরাধের জন্য আমরা অবশ্যই পরিতাপ করিয়ে ছাড়ব।'

প্রেসিডেন্ট রাইসি প্রতিশ্রুতি দিয়েছেন, এই অন্যায্য অপরাধের জবাব না দিয়ে থাকা হবে না। আর স্বরাষ্ট্রমন্ত্রী আহমদ ভাহিদি এক্সে বলেন, 'আমরা কী প্রতিক্রিয়া দেখাব, সেটা দেখার অপেক্ষা করুক জায়নবাদীরা।'

ইরানের রাজনৈতিক মহলে সম্মিলিতভাবে প্রতিশোধ নেওয়ার আহ্বান জানিয়েছেন। এদের অনেকে অন্য দেশে ইসরায়েল দূতাবাসে প্রতিশোধমূলক হামলা করার দাবি জানিয়েছে। প্রকৃতপক্ষে দামেস্কের ইরানি কনস্যুলেট ভবনে ইসরায়েলের হামলা ইরান ও ইসরায়েলের মধ্যকার সংঘাত, নতুন স্তরে উত্তরণের স্মারকচিহ্ন হয়ে থাকবে। ধাপে ধাপে এই সংঘাত ছায়া যুদ্ধ অতিক্রম করে আরও অনেক দূরে পৌঁছে যাবে।

সিরিয়ায় গৃহযুদ্ধ আরম্ভ এবং দেশটিতে ইরানী সেনাদের উপস্থিতি শুরুর পর থেকে ইসরায়েল সেখানে অনেকগুলো হামলা চালিয়েছে। কিন্তু এসব হামলা প্রাথমিকভাবে ইরানি প্রক্সিদের অস্ত্র সরবরাহ করা হয় এমন স্থাপনা ও যানবাহন লক্ষ্য করে চালানো হলেও পরে ধাপে ধাপে জ্যেষ্ঠ সামরিক কর্মকর্তাদের লক্ষ্য করে চালানো হয়েছে।

আগ্রাসন বাড়ছে ক্রমাগত

দামেস্কে সর্বশেষ এই হামলা পরিষ্কারভাবে পূর্বপরিকল্পিত। ইরানের শীর্ষ কমান্ডারদের হত্যার উদ্দেশ্যেই এই হামলা। নিহত ব্যক্তিদের মধ্যে সর্বোচ্চ পদাধিকারী ছিলেন জেনারেল রেজা জাহেদি। ইরানের রেভল্যুশনারি গার্ডসের এই জ্যেষ্ঠ কমান্ডার লেবানন ও সিরিয়ায় ইরানের সামরিক কর্মকাণ্ডের সমন্বয়ক ছিলেন।

৭ অক্টোবর গাজায় হামলা শুরুর পর থেকে ইরানি সেনাদের ওপর হামলা ও হত্যা বাড়িয়েছে ইসরায়েল। এ সময়ে সিরিয়ায় সন্দেহজনক ইসরায়েলি হামলায় রেভল্যুশনারি গার্ডসের অন্তত ১৭ সদস্য নিহত হয়েছেন। জানুয়ারি মাসে রেভল্যুশনারি গার্ডসের পাঁচ সদস্যকে হত্যার জন্য ইসরায়েলকে দায়ী করে ইরান। এর মধ্যে সাজেদ ওমিদজাদেহ ছিলেন, যিনি কুদস ফোর্সের গোয়েন্দা কর্তা হিসেবে কাজ করতেন। এক মাস আগে, জেনারেল সাইয়েদ রাজি মৌসাভি দামেস্কের বাইরে বিমান হামলায় নিহত হয়েছিলেন। জেনারেল মৌসাভি সিরিয়া ও ইরানের মধ্যে সামরিক যে জোট তার সমন্বয়ক হিসেবে কাজ করতেন।

আসন্ন সপ্তাহ ও মাসগুলাতে যুক্তরাষ্ট্র ও বিদেশি বাহিনীগুলোর স্বার্থসংশ্লিষ্ট স্থানগুলোতে হামলার সম্ভাবনা রয়েছে (লেখাটি লেখার পর ইতিমধ্যেই হামলা হয়েছে)।



এ বছরের শুরুর দিকে জর্ডান-সিরিয়া সীমান্তে ইরান-সমর্থিত প্রক্সি গোষ্ঠীর হামলায় কয়েকজন আমেরিকান সেনা নিহত হন। গাজা যুদ্ধে ইসরায়েলকে সমর্থন দেওয়ার কারণে আমেরিকান সেনাদের ওপর এই হামলা হয়।

কিন্তু ইরানের কনস্যুলেট ভবনে হামলা আগ্রাসনের চূড়ান্ত পর্যায় হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। এই হামলায় ইরান উদাসীন বসে থাকতে পারবে না। কেননা, কঠোর প্রতিশোধ নেওয়ার তাদের যে বাগাড়ম্বর, তাতে তাদের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হবে। কিন্তু এর পরও বেশ কিছু বিষয় আছে। তেহরানকে অবশ্যই সেই বিষয়গুলো বিবেচনায় নিতে হবে।

প্রথমত, ইসরায়েলের সঙ্গে ইরান পূর্ণ মাত্রার যুদ্ধে জড়াতে চায় না। তাতে যুক্তরাষ্ট্রের সঙ্গে সরাসরি যুদ্ধের ঝুঁকি তৈরি হবে। দ্বিতীয়ত, এই ধরনের সংঘাতে খেলা চলে যাবে ইসরায়েলের হাতে। যেহেতু তেহরানের সঙ্গে সংঘাত লাগিয়ে তেল আবিব গাজা যুদ্ধকে বৈশ্বিক রূপ দেওয়ার পাঁয়তারা করছে। ইসরায়েল চায় ইরানের সঙ্গে সংঘাত বাধিয়ে গাজায় তারা যে গণহত্যা চালিয়েছে, তা থেকে বিশ্বের দৃষ্টি সরিয়ে দিতে।

তৃতীয়ত, ইরান তীব্র সংকটের মধ্যে রয়েছে। যুদ্ধ চালাতে গেলে শক্তিশালী অর্থনীতি দরকার। কিন্তু ইরানে এখন মূল্যস্ফীতি ৪০ শতাংশ, তাদের মুদ্রার বিনিময় হার এখন দুর্বল, বাজেটঘাটতিও অনেক। একটি যুদ্ধে জড়িয়ে পড়া সহজ। কিন্তু যুদ্ধ থেকে বের হতে গেলে কয়েক মাস থেকে কয়েক বছরও লেগে যেতে পারে। তাতে করে দেশ ও নাগরিকদের ওপর বিশাল অর্থনৈতিক চাপ পড়ে।

পরিশেষে ইরানের জনগণ যুদ্ধ শুরু হোক তাতে সমর্থন দিচ্ছে না। ২০২২ সালে 'নারী, জীবন, মুক্তি' আন্দোলনে ইরান সরকার ব্যাপকভাবে জনসমর্থন হারিয়েছে। অনেকটাই বৈধতার সংকটেও পড়তে হয়েছে।

প্রতিক্রিয়ার তরঙ্গ

সর্বাত্মক যুদ্ধের পরিবর্তে ইরান প্রক্সি সংঘাতের মধ্য দিয়ে অপ্রত্যক্ষভাবে প্রতিক্রিয়া জানাবে বলে মনে করা হচ্ছে। বড় ধরনের আক্রমণের বদলে তেহরান 'একগুচ্ছ ছোট হামলার' মধ্য দিয়ে তেহরান বদলা নিতে পারে বলে মনে করেন আন্তর্জাতিক থিংক ট্যাংক চ্যাটাম হাউসের মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা কর্মসূচির পরিচালক সানাম ভাকিল।

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের জরুরি বৈঠকে দামেস্কে ইরানের কনস্যুলেট ভবনে হামলার নিন্দা জানানো হয়। চীন ও রাশিয়া বলেছে, এটা আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ সনদের লঙ্ঘন। ইরান যখন তাদের সম্ভাব্য পদক্ষেপের ব্যাপারে আন্তর্জাতিক ঐকমত্য তৈরি করতে চাইছে, তখন কনস্যুলেট ভবনে হামলার ঘটনায় আরব বিশ্বের দেশগুলো ইসরায়েলকে নিন্দা জানিয়েছে।

আসন্ন সপ্তাহ ও মাসগুলাতে যুক্তরাষ্ট্র ও বিদেশি বাহিনীগুলোর স্বার্থসংশ্লিষ্ট স্থানগুলোতে হামলার সম্ভাবনা রয়েছে। এ বছরের শুরুর দিকে জর্ডান-সিরিয়া সীমান্তে ইরান-সমর্থিত প্রক্সি গোষ্ঠীর হামলায় কয়েকজন আমেরিকান সেনা নিহত হন। গাজা যুদ্ধে ইসরায়েলকে সমর্থন দেওয়ার কারণে আমেরিকান সেনাদের ওপর এই হামলা হয়। এর পাল্টায় যুক্তরাষ্ট্রও বেশ কয়েক দফা হামলা চালায়। এরপর পরিস্থিতি আবার শান্ত হয়ে যায়। এবারের দামেস্কে কনস্যুলেটে হামলায় যুক্তরাষ্ট্রের কোনো সম্পৃক্ততা নেই, তা জানিয়ে দিয়েছে ওয়াশিংটন।

মধ্যপ্রাচ্যজুড়ে ইরানি প্রক্সিরা এখন হামলা বাড়াতে পারে। যেমন লোহিত সাগরে হুতিরা হামলা বাড়াতে পারে। কিন্তু প্রক্সিদের হামলা নিশ্চিতভাবেই এখন ভিন্ন হবে। এবার তারা ইসরায়েলের দূতাবাসসহ আরও সংবেদনশীল এলাকায় হামলা করতে পারে।

দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলা তেহরান ও তেল আবিবের মধ্যকার ছায়াযুদ্ধের গতিপ্রকৃতি পাল্টে দেবে। ইরান অনেকগুলো কারণেই ইসরায়েলের সঙ্গে সরাসরি যুদ্ধে জড়াবে না। কিন্তু ভিন্ন পথে তারা প্রতিশোধ নেবে।

লেখক: ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর গ্লোবাল স্ট্র্যাটেজিক অ্যানালিসিসের গবেষণা সহকারী

মিডল ইস্ট আই থেকে নেওয়া, ইংরেজি থেকে অনুবাদ মনোজ দে



নববর্ষের চেতনা

॥ ড. সেলিম জাহান ॥

নববর্ষের চেতনা সম্পর্কে আপনি কী ভাবেন?', ইথার তরঙ্গে দূর থেকে ভেসে এলো সাক্ষাৎকার গ্রহণকারী সাংবাদিকটির কণ্ঠস্বর। কথা বলছিলাম ইউরোপের একটি বিখ্যাত বার্তা সংস্থার বাংলা বিভাগের প্রধানের সঙ্গে। আলোচনা হচ্ছিল বাংলা নববর্ষ ১৪৩১-এর ওপরে।

প্রশ্নটি শুনে একটু থমকালাম। সাধারণত এ সময়ে গতানুগতিকভাবে যে প্রশ্ন করা হয়, তা হচ্ছে, 'নববর্ষ উপলক্ষ্যে আপনার অনুভূতি কী'? কিন্তু যে প্রশ্নটি করা হয়েছে, তার পরিপ্রেক্ষিত ভিন্ন-এখানে নববর্ষের চেতনা বিষয়ে জানতে চাওয়া হয়েছে। ভাবনাগুলোকে একটু গুছিয়ে নিয়ে তাৎক্ষণিক একটা সংক্ষিপ্ত উত্তর দিলাম।

কিন্তু ভাবনাগুলো আমায় ছাড়ল না। একটু সময় নিয়ে, চিন্তা করে দেখলাম যে বাংলা নববর্ষের চেতনা আমার মনে পাঁচটি আঙ্গিকে দেখা দেয় : একটি উৎসবের দিক, একটি ঐতিহ্যের দিক, একটি আত্মসত্তার দিক, একটি সর্বজনীনতার দিক এবং একটি মানবতার দিক।

বাংলা নববর্ষের উৎসবের দিকটি তো চিরচেনা। ওই যে মেলা গ্রামে-গঞ্জে, নগরে-বন্দরে বিশাল মাঠে, পথের পাশের স্বল্প পরিসর স্থানে; ওই যে মাটির পুতুল, ঘোড়া, হাতি, বর-বউ, নাগরদোলা; ওই যে বাউল গান গ্রামের মেলায় আর রমনার বটমূলে ছায়ানটের আসর ঢাকা শহরে; ওই যে রঙিন পোশাকে সজ্জিত নর-নারী, বালক-বালিকা; ওই যে উচ্ছ্বসিত আর উৎফুল্লিত শিশুর দল-এসবই তো বাংলা নববর্ষের উৎসব। নানা রঙে আর ঢঙে এসব বাঙালীকে আমোদিত করে রাখে বছরের প্রথম দিনে।

বাংলা নববর্ষের ঐতিহ্যের দিকটিই বা ভুলি কী করে? বাঙালীর চিরায়ত জীবন, জগৎ, সংস্কৃতি আর কৃষ্টির ওপর ভিত্তি করে গড়ে উঠেছে কিছু সনাতন ঐতিহ্য। গ্রামে একবারে প্রত্যুষে এক ডুবে পুকুরের এপাড় থেকে ওপাড়ে গিয়ে জলে ঝুঁকে পড়া আমগাছের দুটো আম ছিঁড়ে নিয়ে আসা যেমন এ ঐতিহ্যের অংশ, তেমনই মাটির বাড়ি আর উঠোন নিকিয়ে তাতে আলপনা আঁকাও এ ঐতিহ্যেরই একটা দিক। 'বছরের প্রথম দিনে সবাই মিলে ভালো-মন্দ খেলে বছরটা ভালো যাবে'-এ সরল বিশ্বাস যেমন এ ঐতিহ্যের ধারক, তেমনই ব্যবসার হালখাতা আর পিতলের ঘটিতে রাখা পাঁচটি আমপাতাও এ ঐতিহ্যেরই বাহক।

বাংলা বর্ষপঞ্জি আর বঙ্গাব্দ এ শুধু বাংলার আর বাঙালির। পৃথিবীর আর কোনো জাতিসত্তা এর অধিকার দাবি করতে পারে না। শুধু বাঙালিরাই আত্মমগ্ন হয়ে এ উৎসব উদযাপন করে-তা তারা দেশেই থাকুক, কিংবা বিদেশে। তাই তো দেশের সঙ্গে সঙ্গে দেখতে পাই দেশের বাইরেও পৃথিবীর আনাচে-কানাচে বাঙালি মাত্রেই উদ্বেলিত হচ্ছে বাংলা নববর্ষে। কেন এ আত্মমগ্নতা, কেন এ উদ্বেলতা? কারণ এর সঙ্গেই বাঙালি তার জাতিসত্তাকে সংযুক্ত করে, তার আত্মসত্তাকে খুঁজে পায়। বাংলা নববর্ষ তাই বাঙালির আত্মসত্তা আর জাতিসত্তার প্রতীক।

বাংলা নববর্ষের চেতনা তো সর্বজনীন। এ চেতনাকে বুকে ধারণ করেই তো বর্ণ, ধর্ম, দল, মত নির্বিশেষে আমরা সবাই এক কাতারে মিলিত হই। আমাদের বুকের মাঝে নিরন্তর অনুরণিত হতে থাকে 'বাংলার হিন্দু, বাংলার খ্রিষ্টান, বাংলার মুসলমান, আমরা সবাই বাঙালী।' সর্বজনীনতার সেই চেতনাই তো আমাদের উদ্বুদ্ধ করে সেই মন্ত্রে 'যুক্ত করো হে সবার সঙ্গে, মুক্ত করো হে বন্ধ।' নববর্ষের সর্বজনীনতাই আমাদের সবাইকে যুক্ত করে; আবার সে সর্বজনীনতাই আমাদের মুক্তও করে-মুক্তবুদ্ধি আর মুক্তচিন্তা নিয়ে আমরা সংযুক্ত হই সবার সঙ্গে।

এসব মিলিয়েই বাংলা নববর্ষের চেতনা 'বাঙালীর' সঙ্গে সঙ্গে আমাদের 'মানুষ' পরিচয়টিকেও অগ্রগণ্য করে তোলে-আমরা নিজেদের চিহ্নিত করি বিশ্ব মানবতার অংশ হিসাবে। মানবতার সেই প্রেক্ষিত থেকে 'অন্তর মম বিকশিত করো'-এ মন্ত্রে দীক্ষিত হয়ে আমরা বলি, 'আমরা মানুষ-চূড়ান্ত বিচারে সেই আমাদের আদি এবং একমাত্র পরিচয়।'

আজকের বাংলাদেশে নববর্ষের এসব চেতনা আর প্রাসঙ্গিকতা অপরিসীম। আমাদের সমাজে আজ মৌলবাদ বিপজ্জনকভাবে ক্রমবর্ধমান। আমাদের ভূখন্ডের চিরায়ত সাম্প্রদায়িক সম্প্রীতি আজ অপসৃত প্রায়। আমাদের সনাতন মূল্যবোধ-যার কেন্দ্রবিন্দু সর্বজনীন মানবতা, তা আমরা দ্রুত বিস্মৃত হচ্ছি। আমাদের বাঙালী আত্মসত্তাকে ভুলিয়ে দিয়ে এক অনাবশ্যক বিভ্রান্তি সৃষ্টির প্রয়াসে তৎপর শত্রুরা। আমাদের মুক্তিযুদ্ধ আর স্বাধীনতার চেতনা কোথায় হারিয়ে যাচ্ছে। এসব কিছুকে প্রতিহত করে পুরো জাতিকে ঘুরে দাঁড়াতে নববর্ষের চেতনার বড় বেশি প্রয়োজন।

এ নববর্ষের প্রথম প্রভাতে যখন ১৪৩০ ধীরে ধীরে অপসৃত হবে, যখন পুবের আকাশ আলোর প্রভায় রঙিন হয়ে উঠবে, যখন নীলাকাশ আর শান্ত পৃথিবী উন্মুখ হয়ে থাকবে, তখন যেন নমিত হয়ে সবাই মিলে বলতে পারি, 'আমাদের মন সব হীনতা, সব দীনতা, সব গ্লানির ঊর্ধ্বে উঠে কলুষমুক্ত হোক, আগামী পৃথিবী সুন্দর আর উজ্জ্বল হোক, তৈরি হোক এক 'শান্তির পারাবার'। মঙ্গল হোক সবার। আজকে বাংলা নববর্ষের প্রথম প্রভাতে এটাই আমাদের সবার বাসনা, সবার কামনা, সবার সাধনা। চেতনার সিঁড়ি বেয়ে আমাদের পথচলা অক্ষয় হোক। জয়তু বাংলা নববর্ষ, ১৪৩১।

লেখক: অর্থনীতিবিদ; ভূতপূর্ব পরিচালক, মানব উন্নয়ন প্রতিবেদন দপ্তর এবং দারিদ্র্য দূরীকরণ বিভাগ, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

স্বাগত ১৪৩১: শান্তি ও সমৃদ্ধির বার্তা বয়ে আনুক

পুরোনো জরা ও গ্লানি ঝেড়ে ফেলে নতুন বছরকে বরণ করে নেওয়ার দিন পহেলা বৈশাখ। এবার ঈদ উৎসবের পাশাপাশি বাংলা নববর্ষের প্রথম দিনটি উপলক্ষ্যে দেশজুড়ে চলবে নানা উৎসব-আয়োজন। তাতে বাঙালীর ঐতিহ্য ও সংস্কৃতিকে উর্ধ্বে তুলে ধরার প্রয়াস থাকবে। দোকানিরা সারা বছরের হিসাব মিলিয়ে খুলবেন হালখাতা। বাঙালীর জীবনে বছরে একবারই আসে এমন দিন, যা একান্তই আমাদের জাতিসত্তার অংশ। আমাদের বর্ষবরণের সবচেয়ে বড় বৈশিষ্ট্য হলো, এটি ধর্মবর্ণনির্বিশেষে সবার উৎসব। তবে বর্তমানে এ উৎসব হয়ে উঠেছে কিছুটা শহরকেন্দ্রিক। অথচ গ্রামই এদেশের প্রাণ। গ্রামের মানুষ, মূলত কৃষকরাই বাংলা দিনপঞ্জি অনুসরণ করে থাকেন। বাংলা ঋতুচক্র মেনে করেন চাষাবাদ। সারা দেশে নববর্ষের আনন্দ-উদযাপন ছড়িয়ে দিতে তাই গ্রামীণ জীবনেও সুখ-স্বাচ্ছন্দ্য নিশ্চিত করতে হবে। বর্ষবরণের আয়োজন তাতে হয়ে উঠবে আরও সর্বজনীন।

পহেলা বৈশাখ ভোরবেলায় রাজধানীর রমনা বটমূলে ছায়ানটের অনুষ্ঠান বর্ষবরণ উৎসবের অবিচ্ছেদ্য অংশ। এটিও আমাদের এক ঐতিহ্য হয়ে উঠেছে। ছায়ানট ছাড়াও বর্তমানে বেশকিছু সংগঠনের উদ্যোগে রাজধানীর বিভিন্ন স্থানে বর্ষবরণের নানা উৎসব-আয়োজন করা হয়ে থাকে। আজকাল কিছু বাণিজ্যিক প্রতিষ্ঠানও এগিয়ে আসছে এ ধরনের অনুষ্ঠানের পৃষ্ঠপোষকতায়। তবে বর্ষবরণের মূল উৎসবটি হয়ে থাকে রমনা বটমূলের অনুষ্ঠান ঘিরেই। ২৩ বছর আগে এই দিনে রমনা বটমূলে বর্ষবরণ অনুষ্ঠানে বোমা হামলায় প্রাণ হারান নয়জন। আহত হন অনেকে। নয় বছর আগে পহেলা বৈশাখে রাজধানীতে নারী লাঞ্ছনার ঘটনা ঘটেছে। এসব ভালো লক্ষণ নয়। এ পরিপ্রেক্ষিতে এবারও পহেলা বৈশাখের অনুষ্ঠানে বিশেষ নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে। পহেলা বৈশাখের মতো অসাম্প্রদায়িক উৎসবের প্রতি ধর্মান্ধ প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর গাত্রদাহ থাকাটাই স্বাভাবিক। আশার কথা, রমনার নৃশংস ঘটনা বাঙালিকে দমিয়ে রাখতে পারেনি। বর্ষবরণ অনুষ্ঠানে বিপুলসংখ্যক মানুষের সমাগমই এর প্রমাণ।

বাংলা নববর্ষের হাত ধরে প্রায় একই সময়ে উদযাপিত হয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বৈসাবি, বিজু প্রভৃতি উৎসব। চৈত্রসংক্রান্তি ও পহেলা বৈশাখের নানা আয়োজন চলে বিভিন্ন পাহাড়ি গোষ্ঠীর মধ্যে। উপমহাদেশের অন্যান্য জাতির নববর্ষও আসে প্রায় অভিন্ন সময়ে। নিজেদের বর্ষবরণ উৎসবে অংশ নেওয়ার পাশাপাশি আমরা যদি অন্যদের এ ধরনের উৎসবের প্রতি শ্রদ্ধাশীল হই এবং তাতে অংশ নিই, তাহলে তা শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় রাখতে পারে গুরুত্বপূর্ণ ভূমিকা।

পহেলা বৈশাখ আপন শিল্প-সংস্কৃতির ধারাকে ঋদ্ধ ও বেগবান করার শপথ নেওয়ার দিন। নতুন বছর দেশবাসীর জন্য শান্তি ও সমৃদ্ধির বার্তা বয়ে আনবে, এটাই প্রত্যাশা। শুভ নববর্ষ।

বাংলা নববর্ষে আমরা সাধারণত দুটি শব্দ ব্যবহার করে থাকি। একটাকে 'সন' বলি, আরেকটাকে 'সাল' বলি। 'সাল' হলো 'ফারসি' আর 'সন' হলো 'আরবি' শব্দ। বাংলা ভাষায় প্রচুর আরবি, ফারসি শব্দ আছে। বাংলাদেশ নামটিও বাংলা নয়; বাংলা এবং দেশ ফারসি শব্দ। বাংলা সন বা সাল প্রচলনের ক্ষেত্রে বেশ কয়েকটি অভিমত আছে। প্রথমত, তিব্বতি রাজা 'সংস্রন' এ বাংলা সনের প্রবর্তক। এর যুক্তিটা হলো, প্রাচীনকালে বেশ কিছুদিন তিব্বতি রাজাদের অধীন ছিল বাংলা; বিশেষ করে উত্তর বাংলা। তিব্বত সেই সময় অনেক বড় সাম্রাজ্য ছিল। এমনকি অনেক ইতিহাসবিদ মনে করেন, তিব্বতি শব্দ 'বঙ্গ' থেকে 'বাংলা' বা 'বাঙগালা' শব্দটি হয়েছে। 'বঙ্গ' শব্দের অর্থ হলো 'ভেজা মাটির দেশ'। বাংলাদেশ নদী-নালার দেশ, তাই ভেজা মাটির দেশই বটে। আর একটি অভিমত হচ্ছে, বাংলা ভূখন্ডের প্রথম স্বাধীন বাঙালী রাজ্য প্রতিষ্ঠা করেছিলেন শশাংক ৫৯৪ খ্রিষ্টাব্দে। শশাংককে বলা হয় তিনি 'শকাব্দ' চালু করেছিলেন। আবার অনেক সময় অনেক ইতিহাসবিদ বলেন, সুলতান আলাউদ্দিন হুসাইন শাহ্, যিনি স্বাধীন বাংলার সুলতান ছিলেন ১৪৯৩ থেকে ১৫১৯, তিনি বাংলা 'সন' চালু করেন। সর্বশেষ অভিমতটি সম্রাট আকবর করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত ধোপে টিকেছে সম্রাট আকবর তত্ত্বটি। সম্রাট আকবর তত্ত্বটি সম্পর্কে ১৯৫৪ সালে ভারতে পঞ্জিকা সংস্কার কমিটির প্রধান বিজ্ঞানী ড. মেঘনাদ সাহা অঙ্ক কষে ফর্মুলা তৈরি করে প্রমাণ করেছেন আকবরই হচ্ছে বাংলা সনের প্রবর্তক এবং তার সপক্ষে মন্তব্য দিয়েছেন ওড়িশার প্রখ্যাত ইতিহাসবিদ কাশী-প্রসাদ জয়াসওয়াল এবং সর্বশেষ ড. অমর্ত্য সেন। আমরা মনে করি আকবরই এ বাংলা সন প্রবর্তন করেছেন।

আকবর লক্ষ করলেন, বাংলাদেশে যারা চাষি তারা 'সৌর বছর' অনুসরণ করে ফসল বুনে এবং ফসল তোলে, কিন্তু আকবরের সময় প্রচলিত ছিল হিজরি সন, চান্দ্র সন। এতে ফসলের খাজনা আদায়ে সমস্যা হতো, সেজন্য আকবর তার নবরত্নের অন্যতম রত্ন আমির ফতেউল্লাহ্ সিরাজীকে অনুরোধ করেছিলেন, এর একটি সমাধান বের করতে। তার কারণ হলো, আমির ফতেউল্লাহ্ সিরাজী ছিলেন জ্যোতির্বিজ্ঞানী। আকবরের দরবারের ৯ জনই ছিল জ্ঞানে-পান্ডিত্যে রত্ন। তিনি হিসাব করে বের করলেন যে আকবর ১৫৫৬ সালে সিংহাসনে এসেছিলেন আর ওই বছরটি ছিল হিজরি সন ৯৬৩। তিনি ৯৬৩ সনকেই বাংলা প্রথম সন করে ফেললেন। আকবরের রাজত্বকালের ২৯তম বর্ষে ১৫৮৫ সালে এটি জারি করা হলো; কিন্তু এর কার্যকারিতা নির্ধারণ করা হলো ১৫৫৬ থেকেই। আকবর এটাকে 'ফসলি সন' নাম দিলেন। তিনি রাজস্ব আদায়ের সুবিধার জন্য এ সন চালু করেছিলেন। কিন্তু আমরা জানি যে সারা পৃথিবীতে প্রায় সব সম্প্রদায় তাদের বছরের প্রথম দিন উদযাপন করেন, সেই সুবাদে আমাদের মধ্যেও উদযাপন এসে গেল।

বাঙালীর জীবনে পহেলা বৈশাখ উদযাপন সম্পর্কে যে ইতিহাস আছে তাতে দেখা যায়, মুর্শিদাবাদের নবাব মুর্শিদকুলি খাঁর সময় থেকেই এ উদযাপনটি শুরু হয়েছিল। তবে

পহেলা বৈশাখ : অতীত থেকে বর্তমান

॥ ড. সৈয়দ আনোয়ার হোসেন ॥

বাংলাদেশে উদযাপন শুরু হয় সেই সময়ের পাকিস্তান আমল থেকে। বাংলাদেশে ১৯৬১ সালে রবীন্দ্র জন্মশতবার্ষিকী পালনের বিরুদ্ধে পাকিস্তান সরকার ও পাকিস্তানপন্থি বাঙালী বুদ্ধিজীবীদের রোষানল ছিল, বেশ কঠিন অবস্থান ছিল। তার বিরুদ্ধে প্রতিবাদ করে বাঙালীরা রবীন্দ্রসংগীত সম্মেলন করেছিল ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে; সেই প্রতিবাদী ঘটনার প্রেক্ষাপটে জন্ম নিয়েছিল ছায়ানট; রবীন্দ্রসংগীতকে জনপ্রিয় করে তোলার উদ্দেশ্যে। ছায়ানট ১৯৬৪ থেকে বলদা গার্ডেনে প্রথম পহেলা বৈশাখ উদযাপন শুরু করে, কিন্তু প্রতিবছর জনসমাগম বাড়তে থাকে বলে বলদা গার্ডেনে আর স্থান সংকুলান হয় না। ১৯৬৭ থেকে রমনার বটমূলে বৃহত্তর পরিসরে বৈশাখ উদযাপন শুরু হয়। যদিও বলা হয়, বটমূল; কিন্তু ওটা অশ্বত্থ গাছ; লোকমুখে শুনতে শুনতে প্রচলিত হয়ে গেছে বটমূল। বিত্তবানরা আশির দশকের সূচনায় পান্তাভাত আর ইলিশ মাছ খাওয়া শুরু করেন। এটা আমি মনে করি আমাদের দরিদ্র জনগোষ্ঠী, যারা পান্তাভাত খেয়ে সকালে খেতে যান, কাজ করতে যান, তাদের সঙ্গে মশকরা করা হয়। আর তারা পান্তাভাত খান কাঁচা মরিচ ও পেঁয়াজ দিয়ে, এটি স্বাস্থ্যকর; পান্তাভাতের সঙ্গে ইলিশ চলে না, এটি অস্বাস্থ্যকর খাবার। কিন্তু আমাদের বিত্তবানের কাছে পহেলা বৈশাখের সংস্কৃতির অংশ হয়ে গেছে পান্তাভাত ও ইলিশ।



১৯৮৫ থেকে পহেলা বৈশাখ উদযাপন আরও বড় পরিসরে শুরু হলো। সেখানে দেখা গেল 'মঙ্গল শোভাযাত্রা' যুক্ত করলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের শিক্ষক, শিক্ষার্থী। সবাই মিলে বিভিন্ন ধরনের মুখোশ বানিয়ে শোভাযাত্রা শুরু করেন। মঙ্গল শোভাযাত্রা যখন শুরু হয়, তখন বাংলাদেশের বাঙালীর ওপর জগদ্দল পাথরের মতো চেপে বসেছিল এরশাদের স্বৈরাচার। তার বিরুদ্ধে প্রতিবাদ হিসাবেই এ মঙ্গল শোভাযাত্রা শুরু হলো, অশুভর বিরুদ্ধে শুভ, অমঙ্গলের বিরুদ্ধে মঙ্গল, স্বৈরাচারের বিরুদ্ধে গণতন্ত্র, এ চেতনা নিয়ে। ২০১৬ সালের ৩০ নভেম্বর ইউনেস্কো এ মঙ্গল শোভাযাত্রাকে বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ করে নেয়। পহেলা বৈশাখ শুধু বাঙালীর উদযাপনের দিন নয়, এটি অসাম্প্রদায়িক এবং ধর্মবর্ণনির্বিশেষে সবার জন্য উদযাপনের দিন; এর মধ্যে প্রতিবাদ আছে, আছে দ্রোহ ও চেতনাও।

লেখক: চেয়ার অধ্যাপক, বঙ্গবন্ধু শেখ মুজিব চেয়ার, বাংলাদেশ ইউ-নিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)

নামাজের সময়-সূচী

এপ্রিল	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
ফজর	৪.৫৭	৪.৫৫	৪.৫৩	৪.৫১	৪.৪৯	৪.৪৮	৪.৪৬
সূর্যোদয়	৬.১৭	৬.১৫	৬.১৪	৬.১২	৬.১১	৬.০৯	৬.০৮
জোহর	১২.৫৬	১২.৫৬	১২.৫৫	১২.৫৫	১২.৫৫	১২.৫৫	১২.৫৫
আসর	৫.৩৯	৫.৩৯	৫.৪০	৫.৪০	৫.৪১	৫.৪২	৫.৪২
মাগরিব	৭.৩৫	৭.৩৬	৭.৩৭	৭.৩৮	৭.৩৯	৭.৪০	৭.৪১
এশা	৮.৫৫	৮.৫৬	৮.৫৮	৮.৫৯	৯.০০	৯.০২	৯.০৩

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।



কমিউনিটি নিরব কেন?

(প্রথম পাতার পর)

হয় প্রবাসী বেঙ্গলী ক্রীষ্টান এসোসিয়েশন ইনক।

নিউইয়র্কে দুর্বৃত্তের হামলায় আহত বাংলাদেশী জাকির হোসেন খসরুর মৃত্যু

নিউইয়র্কে দুর্বৃত্তের ধাক্কায় মাথা ফেটে আহতের তিন দিন পর গত ১০ এপ্রিল বুধবার ঈদুল ফিতরের দিন সন্ধ্যায় ইন্তেকাল করেছেন জাকির হোসেন খসরু (৭৬)। জানা যায়, নিউইয়র্ক সিটির জ্যামাইকায় হিলসাইড এভিনিউ সংলগ্ন ১৬৮ স্ট্রিটে ৭ এপ্রিল খসরুকে হামলা করা হয়েছিল। দুর্বৃত্তটি ধাক্কা দেয়ার পর খসরু কংক্রিটের রাস্তায় পড়ে যান এবং তার মাথা ফেটে মগজ বেরিয়ে পড়েছিল বলে প্রত্যক্ষদর্শীরা পুলিশকে জানান। খবর পেয়ে পুলিশ এসে জাকির হোসেন খসরুকে গুরুতর অবস্থায় নিকটস্থ জ্যামাইকা হাসপাতালে ভর্তি করে। হাসপাতালে অচেতন অবস্থা থেকে আর চৈতন্য ফিরে পাননি খসর। তাকে রাখা হয়েছিল লাইফ সাপোর্টে।

নিহত খসরুর স্ত্রী শামিমা আকতার শিউলির বরাত দিয়ে শেরপুর জেলা সমিতির সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন জানান, জামালপুর জেলা সদরস্থ পোস্ট অফিসের অবসরপ্রাপ্ত কর্মকর্তা মরহুম মোহাম্মদ হুসেনের ছেলে খসরুর জানাজা ১১ এপ্রিল দুপুর ১টায় জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয় এবং ঐদিনই নিউজার্সীর মার্লবরোতে শেরপুর জেলা সমিতির ক্রয় করা কবরে তাকে দাফন করা হয়। নিহত খসরুর স্ত্রী শামিমা আকতার শিউলি শেরপুর জেলা সমিতির সাবেক উপদেষ্টা।

এদিকে, দিনে-দুপুরে অকারণে জাকির হোসেন খসরুকে গালমন্দ শেষে ধাক্কা দিয়ে গুরুত আহত এবং তার মৃত্যুর ঘটনাটিকে হত্যা বলে দাবী করছেন প্রবাসী বাংলাদেশী সহ নিহতের পরিবারের সদস্যরা। এই ঘটনায় কমিউনিটিতে ভীতির সঞ্চার সৃষ্টি হয়েছে। তদন্ত সাপেক্ষে এই হত্যাকান্ডের সাথে জড়িত দুর্বৃত্তের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন কমিউনিটি নেতৃবৃন্দ।

মিশিগানে পুলিশের গুলিতে বাংলাদেশী হোসেন আল রাজি নিহত

মিশিগান থেকে প্রাপ্ত খবরে জানা গেছে, যুক্তরাষ্ট্রের মিশিগানে ওয়ারেন সিটি পুলিশের গুলিতে হোসেন আল রাজি (১৮) নামে এক বাংলাদেশী তরুণকে হত্যা করা হয়েছে। শুক্রবার (১২ এপ্রিল) দুপুর ১টা ৪৫ মিনিটে এ দুর্ঘটনা ঘটে।

ওয়ারেন সিটি পুলিশের এক কর্মকর্তা স্থানীয় গণমাধ্যমকে বলেন, মধ্য দুপুরে ৯১১ এ পরিবারের পক্ষ থেকে একটা ফোন আসে। সঙ্গে সঙ্গে অ্যাম্বুলেন্সসহ তিন পুলিশ কর্মকর্তা সেখানে পৌঁছান। পুলিশ কর্মকর্তারা ওই যুবকের হাতে আগ্নেয়াস্ত্র দেখতে পান এবং অস্ত্র ফেলে দেওয়ার জন্য অনুরোধ করেন। কিন্তু ওই যুবক তাদের অনুরোধ উপেক্ষা করে পুলিশ কর্মকর্তাদের দিকে অস্ত্র নিয়ে তেড়ে আসেন।

পুলিশের ওই কর্মকর্তা জানান, উপস্থিত পুলিশ কর্মকর্তারা আত্মরক্ষার্থে ১০ রাউন্ড গুলি ছোড়েন। পরে আহত অবস্থায় যুবককে হাসপাতালে পাঠানো হয়। সেখানে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্য ঘোষণা করেন।

নিহতের বাবা মোহাম্মদ আতিক হোসেন জানান, আমার দুই ছেলে ও আমি সকালে একসঙ্গে ফজরের নামাজ পড়ি। তারপর সবাই ঘুমিয়ে পড়ি। দুপুরের দিকে ওর মা ও আমার মেজো ছেলে আমাকে বলছে, হোসেন আল রাজি অসংলগ্ন আচরণ করছে। আমিও দেখি ও ভিন্ন আচরণ করছে। আমার মেজো ছেলেকে দিয়ে ৯১১ এ কল দেই। অ্যাম্বুলেন্সের সহযোগিতায় আমার ছেলেকে হাসপাতালে নেওয়া যায় কিনা। কিছুক্ষণের মধ্যে অ্যাম্বুলেন্স ও পুলিশ আসলে আমরা নিরাপদ স্থানে আছি কি না জানতে চাওয়া হয়।

তিনি জানান, আমরা গ্যারেজের গাড়ির ভেতর আছি বলার কিছু সময়ের মধ্যে বেশ কয়েক রাউন্ড গুলির শব্দ শুনতে পাই। আবার কিছুক্ষণ পরেই পুলিশ কর্মকর্তারা আমাদের ডেকে সবাইকে স্থানীয় পুলিশ স্টেশনে নিয়ে সবার জবানবন্দি নেন। আমরা সবাই বাসায় ফিরে আসলে বিকেল ৪টার দিকে খবর আসে আমার ছেলে মারা গেছে। আমি অ্যাম্বুলেন্সের সাহায্য চাইলাম ছেলেকে হাসপাতালে নেওয়ার জন্য আর পুলিশ আমার ছেলেকে গুলি করে মেরে ফেললো। কি এমন অপরাধ করলো আমার ছেলে, যে কারণে ওকে গুলি করে মারতে হলো। তিনি মিশিগানে বসবাসরত বাংলাদেশি-আমেরিকান সবার সাহায্য-সহযোগিতা চেয়েছেন।

নিহতের বাবা জানান, আমার ছেলের মরদেহ এখনো হাসপাতালে পড়ে আছে। দেখতেও পারছি না। তবে আজ সোমবার তার মরদেহ হস্তান্তর করার কথা। মরদেহ হস্তান্তর করা হলে ওই দিনই ইসলামিক সেন্টার অফ ওয়ারেনে দুপুরে জানাজার নামাজ শেষে ওখানেই দাফন করা হবে।

জানা গেছে, নিহত হোসেন আল রাজি হলেন মোহাম্মদ আতিক হোসেনের বড় ছেলে। দেশের বাড়ি সিলেটের বিয়ানিবাজার পৌরসভার সুপাতলায়। প্রায় ১৬ বছর আগে পরিবারের সঙ্গে যুক্তরাষ্ট্রে আসেন। পাঁচ ভাই-বোনের মধ্যে ও দ্বিতীয় ছিল। উল্লেখ্য, এর আগে গত ২৭ মার্চ নিউইয়র্কের ওজনপার্কে ১৯ বছরের যুবক উইন রোজারিও পুলিশের গুলিতে নিহত হয়।





Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

১০ হাজার ডলারের রিভেট





নতুন বছর উপলক্ষ্যে ৫০% সেল



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers, NY 10710
GREE MECHANICAL YONKERS

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা নূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশের এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

চলে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001



ঈদুল ফিতরের জামাত এবং

(প্রথম পাতার পর)

বক্তৃতাপর্ব। উপদেষ্টা, সভাপতি, কোষাধ্যক্ষ সহ অন্যান্যরা। সভাপতি বক্তব্য রাখলেন টানা ১০ মিনিট। তারপর চাঁদা তোলা পর্ব। পৃথক পৃথকভাবে বাক্স নিয়ে আসছিলেন স্বেচ্ছাসেবকরা। ইমাম, মুয়াজ্জিন, মসজিদ, ফিতরার বক্স ইত্যাদি।

তারপরের সিরিয়াল- খাম। যারা কমিটমেন্ট করবেন ১ হাজার ডলার দিয়ে নামাজের একটা মাসাল্লা কিনবেন তারা যেন তাদের নাম ঠিকানা লিখে দেন। তারপর লাইফ মেম্বার বানানো।

নামাজ শুরু হলো ৮.৩০ মিনিটে। নামাজ, খোতবা, দোয়া যখন শেষ হলো তখন ৮টা বেজে ৫০ মিনিট।

আজ (১০ এপিল) ছিলো বুধবার। Working Day. কেউ কেউ নামাজ সেরে কাজে যাবেন। উশখুস ও বিরক্তি প্রকাশ করছিলেন তারা। আমার পাশ থেকে দুজন নামাজ না পরেই ট্রেন স্টেশনের দিকে ছুটলেন কাজ বাঁচানোর তাগিদে।

আমার প্রশ্ন হলো আপনারা ওয়াজ করেন, বক্তৃতা দেন, চাঁদা তুলেন সমস্যা নেই। কিন্তু তা অবশ্যই করতে হবে আপনাদের ঘোষিত সময় সীমার মধ্যে। কারণ ঈদের দিনটা নিয়ে প্রত্যকেরই নিজস্ব কিছু প্লান প্রোগ্রাম থাকে। কিন্তু ৭.৩০ মিনিটে ইমাম সাহেব তার ওয়াজ শেষ করলে এরপর আয়োজকদের বক্তৃতা, চাঁদা আদায় পর্ব শেষ করে চাইলে কি আপনাদের ঘোষিত ৮ টায় নামাজ শুরু করতে পারতেন না? প্রথম জামাত আদায়ে বিলম্বের জন্য দ্বিতীয় জামাতও বিলম্বিত হলো এটা কি দৃস্টিকটু নয়? বিরক্তি উদ্রেগের কারক নয়? এই যে সময় নিয়ে সাধারণ মুসুল্লিদের আপনারা জিম্মি করেন, নিয়মিত অনিয়ম করেন, তাদের বিরক্তির কারণ ঘটান তা কি কখনো আপনাদের পীড়া দেয়? সময়ের এই অনিয়ম নিয়ে নতুন প্রজন্মের ছেলেমেয়েরা কিছু ভাবে কিনা তা কি কখনো আপনারা ভেবে দেখেছেন?

খোলা মাঠে যখন নামাজ হয় তখন অনেক সময় ঠান্ডা হাওয়া বা রৌদ্র তাপ থাকে। এটা মুসুল্লিদের কস্টের কারণ হয় কিনা তা আপনাদের আগামীদিনে ভাবতে হবে। ঈদের নামাজ পরার জন্য অনেক অসুস্থ বা ডায়াবেটিক রোগীও আসেন ।দীর্ঘ সময় অপেক্ষা করলে তাদের অজু ভঙ্গের আশংকা থাকে ব্যাপারটা আপনাদের অনুধাবন করতে হবে।

অনেক মুসুল্লিকেই ব্যাপারটা নিয়ে বিরক্তি প্রকাশ করতে দেখেছি। আয়োজকদের সময়জ্ঞান নিয়ে এই উদাসীনতা বিগত অনেক বছর থেকেই দেখে আসছি। তারপরও কোন পরিবর্তন নেই। পুরাতন কমিটি যায়। নতুন কমিটি আসে। কিন্তু কি দুর্ভাগ্য সময়জ্ঞানের কোন পরিবর্তন হয়না। নামাজ পড়তে আসা মুসুল্লিদের একরাশ বিরক্তি নিয়ে মাঠ ছাড়তে হয়।

আজ যেটা মৃদু প্রতিবাদ, আগামীদিনে তা যে বিক্ষোভের ঝড় তুলবে না তা না, ভাবার কোন কারণ নেই। তাই ব্যাপারটা নিয়ে ভাববার এবং সচেতন হবার প্রয়োজন আছে বলেই আমি মনে করি।

আমরা যুক্তরাষ্ট্রের মত একটা উন্নত দেশে বসবাস করে সময় মেনে চলবো- ঈদ জামাত আয়োজকদের কাছে সাধারণ মুসুল্লীদের এটুকু চাওয়া কি খুব বেশী হয়ে যায়!

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11209
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে ইমদাদুল হকের প্রশ্নঃ

কয়েক বছর যাবত আমি একজন এদেশের গ্রিনকার্ডধারী। আমার কর্মকর্তা এইচআইবি ভিসা ক্যাটাগরিতে আমার জন্য স্পন্সর করেছিলেন। পরে আমার মালেক আমার গ্রিনকার্ডের জন্যে আবেদন করেন। আমি আসলে কোভিডের দুর্যোগের সময় চাকরি হাইল। এই সব কারণে আমার আর্থিক অবস্থা খুব খারাপ। আমার ক্রেডিট কার্ডের বিল পরশোধ করতে পারি নাই। আর অর্থ পরিশোধ করতে না পারার কারণে ব্যাংক আমার বিরুদ্ধে মামরা করে। এ কারণে আমি ব্যাংক্রাপ্সির জন্য ফাইল করেছি- একজন এটর্নীর সাথে পরামর্শ করে। ব্যাংক্রাপ্সি ফাইর করার পর আমি ব্যাংকের কোন দায় পরিশোধ করি নাই। আর একটি ব্যাপার হচ্ছে গত বছর আমি একটি ভালো কাজ করেছি। এখন আমি নিয়মিত আমার দায় পরিশোধ করে চলেছি। এদিকে আমি ২ বছর আগে আমার সিটিজেনশীপের জন্যে আবেদনের যোগ্যতা অর্জন করেছি। কিন্তু আমার একজন বলেছে যে আমি ক্রেডিট কার্ডের বিল পরিশোধ না করার পর্যন্ত সিটিজেনশীপ লাভের ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হব না। একটি ব্যাংক আমার বিরুদ্ধে মামলা করেছিলো কারণ আমি ক্রেডিট কার্ডের বিল পরিশোধ করতে পারি নাই বলে। আমি এখন একটি ভলো কাজ পেয়েছি এবং নিয়মিত ক্রেডিট কার্ডের বিল অর্থা দায় পরিশোধ করে চলেছি। ২ বছর আগে সিটিজেনশীপের আবেদন করার যোগ্যতা অর্জন করেছি। কিন্তু আমি ক্রেডিট বিল পরিশোধ না দেয়া এবং ব্যাংক্রাপ্সি ফাইল করার জন্য সিটিজেনশীপ লাভের যোগ্য নই।

আমার কাছে এখন আমার জানার বিষয় হচ্ছে আমি সিটিজেনশীপ ক্যাংকক্রাপ্সি ফাইল করার কতদিন পর সিটিজেনশীপের জন্যে আবেদন করতে পারব?

আমার সমস্যার মতো প্রায় একই সমস্যা নিয়ে প্রশ্ন কলামে দেখেছি। আমি আশা করি আমার প্রশ্নের ব্যাপারে আপনার পরামর্শ পাব এবং উপকৃত হবো।

ইমদাদুল হকের প্রশ্নের উত্তরঃ

ইউএসএ'র সিটিজেন হবার জন্য আবেদনকারীর প্রত্যেককে অবশ্যই নিচের শর্ত পূরণ করতে হবে। (অবশ্যই ইউএসএর মিলিটারি সার্ভিকের জন্য অব্যাহতি লাভের উপযুক্ত না হওয়া পর্যন্ত)।

* আবেদন করার সময় আবেদকারীর বয়স ১৮ বছর হতে হবে,
* গত ৫ বা ৩ বছরের জন্য বৈধ পার্মানেন্ট রেসিডেন্ট হতে হবে। (নির্ভর করবে কোন ক্যাটাগরিতে আবেদন করবেন তার উপর)।
* ইউএসএতে অব্যাহত রেসিডেন্সি এবং শারিরীরকভাবে উপস্থিত থাকতে হবে।

ইউএস সিটিজেনমীপ এবং ইমিগ্রেশন ডিস্ট্রিক্ট যেখানে থাকতে চান সেই স্টেটের রেসিডেন্সি প্রমাণ করা।

*ইংরেজি বলা এবং লেখার দক্ষতা থাকতে হবে এবং ইউএসএর ইতিহাস এবং সরকার সম্পর্কে জ্ঞানের প্রমাণ দিতে হবে।

* সিলিটারি সার্ভিসের জন্য রেজিস্ট্রেশন করতে হবে এবং প্রয়োজনে সার্ভিস সম্মত এবং ইউএসএ'র প্রতি আনগুত্য শপথ নিতে হবে।

সৎ চরিত্রঃ

ন্যাচারালাইজেশনের আবেদন অবশ্যই প্রমাণ করতে হবে যে তারা সৎ এবং নৈতিক চরিত্রের অীধকারী। ইউএসসিআইএস প্রত্যেক আবেদনকারী সৎ চজরিত্রের মূল্যায়ন করবে কমিনিউটিতে বসবাসকারী সাধারণ নাগরিকদের মান বিবেচনায় এন-৪০০ ন্যাচারালাইজেশন আবেদনকারীদের ক্ষেত্রে স্খলন থাকলে সেটা প্রকাশ করতে হবে না। এমনকি সিভিল ল' স্যুটও প্রযোজ্য হবে না। এন-৪০০ আবেদনকারীদের ব্যাংক্রাপ্সি ও ফেরক্লোজার সম্পর্কে জ্ঞিাসাবাদ করা হবে না। এসব কিন্তু নৈতিক চরিত্র বিচার করার কোন অংশ নয়।



কাজ চলে যাওয়ার বা অন্যান্য আর্থিক সমস্যার আবেদনে উল্লেখ করার প্রযোজন নেই। এ'র অর্থ ব্যাংক্রাপ্সি এবং ব্যাংকের মামলা সিটিজেনশীপ আবেদনে কোন নেতিবাচক প্রভাব ফেলবে না। চ্যাপ্টার ৭ ব্যাংকক্রাপ্সি আবেদন করার তারিখ থেকে ১০ বছর পর্যন্ত সাধারণত কার্যকর থাকে। আপনার ব্যাংক্রাপ্সি আপনার সিটিজেনশীপ আবেদনের ক্ষেত্রে প্রাসঙ্গিক নয়।

এপ্রিল ২০২৪ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে এপ্রিল ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব একটা দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ সেপ্টেম্বর ৮, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

নোটঃ আরও জানতে ভিজিট করুন ইউএস দূবাসাত বা কন্স্যুলেট অফিস।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

বাংলায় উৎসব আকারে ঈদের প্রচলন শুরু হাজী শরীয়তুল্লাহর সময়

॥ সোহেল সানি ॥

৬২৩ খ্রিস্টাব্দে প্রথম ঈদ উদযাপন করা হয়। ইতিহাসের তথ্য-উপাত্ত বলছে, মদিনায় যাওয়ার পর মহানবী (সা.) দেখলেন, সেখানকার মানুষ বছরে দুটি বড় উৎসব পালন করেন। উৎসব দুটি হচ্ছে একটি নওরোজ আরেকটি মিহিরজান। ধর্ম ও গোত্রের রীতিনীতি অনুযায়ী একটি শরতে এবং আরেকটি বসন্তকালে উদযাপিত হতো। তখন মহানবী (সা.) মুসলমানদের জন্য বছরে দুটি ধর্মীয় উদযাপনের রীতি প্রবর্তন করেন। একটি ঈদুল ফিতর, আরেকটি ঈদুল আজহা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক মো. আতাউর রহমান মিয়াজী বলেন, হিজরি দ্বিতীয় সনে ঈদের প্রবর্তন হয়। মহানবী হজরত মুহাম্মদ (সা.) ৬২২ খ্রিস্টাব্দে মক্কা থেকে মদিনায় হিজরত করেন। সে সময়কে ভিত্তি ধরে হিজরি সন গণনা করা হয়। আনুষ্ঠানিকভাবে অবশ্য হিজরি সন গণনা শুরু হয় আরও ১৭ বছর পরে। খলিফা হজরত ওমরের (রা.) সময়ে। তিনি বলেন, 'হিজরি প্রথম বছরের অষ্টম মাস অর্থাৎ শাবান মাসে রোজা বাধ্যতামূলক করার আয়াত নাজিল হয়। পরে নবম মাস। অর্থাৎ রমজানে এক মাস সিয়াম সাধনাকে ফরজ করা হয়।' এরপর হিজরি দ্বিতীয় সনে বিধান দেওয়া হয় রমজান মাস- চাঁদের হিসাবে ২৯ দিন বা ৩০ দিনেও শেষ হতে পারে। এটি শেষে শাওয়াল মাসের প্রথম দিন ঈদ উদযাপন করা হবে। ঈদের সামাজিকতা ওই সময় থেকে শুরু হয়। আনাস নামে মহানবীর একজন সাহাবা বা সাথীর বর্ণনায় উপর্যুক্ত তথ্য মিলেছে। ঈদের প্রচলন নিয়ে এর বাইরে আর কোনো বক্তব্য বা ব্যাখ্যা পাওয়া যায় না। ঈদ উদযাপন মদিনায় শুরু হলেও পরবর্তীতে পুরো দুনিয়ায় মুসলমানদের মধ্যে তা ছড়িয়ে পড়ে। সেই সঙ্গে প্রচলিত হয় ঈদ উদযাপন। কালক্রমে অঞ্চলভেদে এ উৎসবে ভিন্ন ভিন্ন আনুষ্ঠানিকতা যুক্ত হয়।

আরবি ঈদ শব্দের মানে খুশি, আনন্দ বা উৎসব। মুসলমানদের জন্য ঈদ উদযাপন ওয়াজিব অর্থাৎ অবশ্য পালনীয়। ঈদ উদযাপনের কিছু নিয়ম ইসলামে নির্দিষ্ট করা আছে, যার মধ্যে প্রধান হচ্ছে ঈদের দিন সকালে দুই রাকাত নামাজ আদায় করা, যা সব মুসলমানের জন্য অবশ্য পালনীয়। এ ছাড়া ঈদুল ফিতরে ফিতরা দেওয়াও অবশ্য পালনীয় রীতি। ফিতরা ঈদের নামাজের আগে অসহায় লোকদের মধ্যে দিতে হয়। যখন প্রথম ঈদের প্রচলন চালু হয়, তখন এখনকার ঈদের মতো আতিশয্য ছিল না। নবী মুহাম্মদ (সা.) ঈদের দিন গোসল করে উত্তম পোশাক পরে নামাজ পড়তে যেতেন। ঈদের নামাজের পর মিষ্টিদ্রব্য খাওয়া এবং আত্মীয়-পরিজন, প্রতিবেশী বন্ধুদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়ের রেওয়াজ ছিল। বাংলা বা বঙ্গে কখন ঈদ শুরু হয়?

ইতিহাসবিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুনতাসীর মামুন বলেন, 'দেড় শ বছর আগেও এ অঞ্চলে সাধারণের মধ্যে ঈদ তেমন বড় কোনো উৎসব ছিল না।' তার মতে, 'ফরায়েজী আন্দোলনের নেতা হাজী শরীয়তুল্লাহর সময় বঙ্গে উৎসব করে ঈদ উদযাপনের চল শুরু হয়।'

তিনি বলেন, 'এর আগে এখানে মুসলমান ছিলেন অনেক। কিন্তু তাদের রীতিনীতির মধ্যে লোকায়ত ধর্মের মিল ছিল বেশি। যে কারণে ওই সময়ে ঈদ উদযাপনের তথ্য তেমন পাওয়া যায় না। মুঘলরা ঢাকায় আসে ১৬১০ সালে। তখন তাদের পাঠানো নায়েব-নাজিমরা ঈদ উদযাপন করতেন।'

অধ্যাপক মামুন বলেন, 'ঈদের চাঁদ উঠলে তারা আনন্দ-উৎসব শুরু করতেন। কামান দাগা হতো। ঈদের দিন একসঙ্গে নামাজ পড়তেন। নামাজ পড়ে ফেরার পথে হাতি বা ঘোড়ার পিঠ থেকে সাধারণ মানুষের দিকে পয়সা ছুড়ে দিতেন। ঈদ তাদের নিজেদের মধ্যেই উদযাপিত হতো। সাধারণ মানুষের সেটার সঙ্গে সংযোগ ছিল না।'

তিনি বলেন, 'মুঘলদের তৈরি ঈদের একটা প্রতীক এখনো ঢাকায় আছে। সেটি হচ্ছে ধানমন্ডি ঈদগাহ।

অধ্যাপক মামুন যোগ করেন, 'এর আগে সাধারণ মানুষের মধ্যে বিশেষ করে গ্রামাঞ্চলে রোজা বা ঈদ উদযাপনের তেমন চল ছিল না। সেই সঙ্গে তাদের অর্থনৈতিক অবস্থাও ভালো ছিল না।'

উনিশ শতকের গোড়ার দিকে এ অঞ্চলে মুসলমানের সংখ্যা বাড়তে থাকে। সে সময় ঈদ উদযাপন বাড়তে থাকে বলে উল্লেখ করা হয় বিভিন্ন ইতিহাসবিদের লেখায়। একসময় দিল্লির মুঘলদের অনুকরণে ঢাকায় ঈদের মিছিল হতো।

ইতিহাসবিদদের মতে, বর্তমানে ঈদ যেমন ব্যাপক উৎসবের আকার পেয়েছে, এর শুরুটা হয় ১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্র হওয়ার পর। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর যা আস্তে আস্তে বিস্তৃত হতে থাকে। এর আগে ঈদ উদযাপনের কেন্দ্র ছিল ঢাকা। আনুষ্ঠানিকতার প্রায় পুরোটাই ছিল ঢাকাকেন্দ্রিক। যে কারণে ঐতিহাসিক বর্ণনায় ঢাকার ঈদ সম্পর্কেই জানা যায়।

১৮৮৫ সালে ঐতিহাসিক জেমস ওয়াইজের লেখা উল্লেখ করে অধ্যাপক মামুন বলেন, 'ওই সময় গ্রামাঞ্চলে ঈদের উদযাপন একেবারে কম ছিল। এমনকি অনেক জায়গায় ঈদের নামাজ কীভাবে পড়তে হয়, তা-ও অনেকে সঠিকভাবে জানতেন না। মসজিদের সংখ্যাও সে সময়ে কম ছিল। এখন ইসলাম সম্পর্কে মানুষের জ্ঞান বেড়েছে। মুসলমানের সংখ্যাও বেড়েছে। ফলে ঈদ উদযাপনের পরিধিও বেড়েছে।'

> **ঢাকায় ঈদ উদযাপনের সবচেয়ে পুরনো তথ্য পাওয়া যায় আজাদ হোসেন বিলগ্রামীর 'নওবাহারই মুর্শিদ খান' গ্রন্থে। এ বই অবলম্বনে ঐতিহাসিক আবদুর রহিম লিখেছেন, মুসলমানরা সুন্দর পোশাক-পরিচ্ছেদে শোভাযাত্রা করে ঈদগাহে যেতেন। অবস্থাসম্পন্ন ব্যক্তিরা মুক্তমনে টাকা-পয়সা ও উপহারসামগ্রী পথে পথে ছড়িয়ে দিতেন।**

কয়েক শ বছর আগেও কি এই জনপদে এভাবে পালিত হতো না ঈদের আনন্দ। ইতিহাসবিদ মুনতাসীর মামুনের লেখা থেকে জানা যায়, ইংরেজ শাসনামলে এ অঞ্চলে সবচেয়ে ধুমধামে উদযাপিত হতো ক্রিসমাস বা বড়দিন। এই উৎসবের জন্য ছুটি বরাদ্দও ছিল বেশি। কলকাতার বাইরে শহর, মফস্বল বা গ্রামের সাধারণ মানুষের সঙ্গে এ উৎসবের কোনো যোগসূত্র ছিল না। এর পরপরই জমকালোভাবে উদযাপিত হতো দুর্গাপূজা। ঈদের থেকে পূজায় সরকারি ছুটি ছিল বেশি। তখন মুসলমান চাকরিজীবীরা ঈদের ছুটি বাড়ানোর আবেদন করলেও এতে কাজ হয়নি। তা ছাড়া সেই সময় ঈদকে উৎসবে পরিণত করার মতো সামর্থ্যও গ্রামাঞ্চলের অধিকাংশ মুসলমানের ছিল না। মুসলমানদের প্রধান উৎসব হিসেবে ঈদ উদযাপন না হওয়ার আরেকটি কারণ বিশুদ্ধ ইসলাম সম্পর্কে সাধারণ মানুষের অজ্ঞতা। যদিও সাধারণ মুসলমানদের তুলনায় বহিরাগত মুসলমানরা বেশ উৎসাহ-উদ্দীপনা নিয়েই ঈদ উদযাপন করতেন।

ভারতের উত্তরাঞ্চল থেকে আগত মুঘলরা বাংলার সাধারণ মানুষের তুলনায় ইসলাম সম্পর্কে জানতেন বেশি। কিন্তু বিশুদ্ধ ধর্ম পালনে তাঁরা উৎসাহী ছিলেন না। ধর্মে ঈদ মানে খুশি। সুতরাং রমজান থেকেই মোটামুটি তারা সচেষ্ট থাকতেন যতটা পারা যায় আনন্দ নিংড়ে নিতে। সুরা পানেও এ সময় তাদের অনাগ্রহ ছিল না।'

ঢাকায় ঈদ উদযাপনের সবচেয়ে পুরনো তথ্য পাওয়া যায় আজাদ হোসেন বিলগ্রামীর 'নওবাহারই মুর্শিদ খান' গ্রন্থে। এ বই অবলম্বনে ঐতিহাসিক আবদুর রহিম লিখেছেন, মুসলমানরা সুন্দর পোশাক-পরিচ্ছেদে শোভাযাত্রা করে ঈদগাহে যেতেন। অবস্থাসম্পন্ন ব্যক্তিরা মুক্তমনে টাকা-পয়সা ও উপহারসামগ্রী পথে পথে ছড়িয়ে দিতেন। যদুনাথ সরকারের একটি বিবরণ উল্লেখ করেছেন মুনতাসীর মামুন : 'দ্বিতীয় মুর্শিদ কুলি খাঁর সময় (১৭২৯) জয় করা হয়েছিল ত্রিপুরা। ২৯ রমজান নবাব এ খবর পেয়ে এত উল্লসিত হলেন যে, তিনি যেন দুটি ঈদ পালন করছেন। ঈদের দিন এ কারণে তিনি মীর সৈয়দ আলী ও মীর মোহাম্মদ জামানকে আদেশ দিলেন গরিবদের মধ্যে ১ হাজার টাকা বিতরণ করতে। ঢাকা কিল্লা থেকে এক ক্রোশ দূরে ঈদগাহ যাওয়ার পথে রাস্তায় ছড়ানো হয়েছিল মুদ্রা।'

যদুনাথ সরকারের এই বিবরণের আলোকে মুনতাসীর মামুনের সিদ্ধান্ত, 'ঈদের দিন যে হইচইটুকু হতো তা বহিরাগত উচ্চপদধারী বা ধনাঢ্য মুসলমানদের মধ্যেই সীমাবদ্ধ। এসবের সঙ্গে সাধারণ মানুষের ছিল যোজনব্যাপী ব্যবধান।'

এরপর এই শতকের আগের ঈদের বর্ণনা তেমন আর পাওয়া যায় না বলে জানিয়েছেন মুনতাসীর মামুন। তবে তিনি উল্লেখ করেন, মুঘলরা ঈদের গুরুত্ব দিতেন। ঢাকা, সিলেটসহ বাংলাদেশের বিভিন্ন জায়গায় শাহি ঈদগাহের ধ্বংসাবশেষ দেখে তা বোঝা যায়। এরকম একটি ঈদগাহ আছে ধানমন্ডির আবাসিক এলাকায়।

আ ম ম শরফুদ্দীন অনূদিত মুনশী রহমান আলী তায়েশের 'তাওয়ারিখে ঢাকা' গ্রন্থের বরাত দিয়ে 'ঢাকা সমগ্র ১' গ্রন্থে উল্লেখ আছে, বাংলার সুবাদার শাহ সুজার আমলে তাঁর আমাত্য মীর আবুল কাসেম ১৬৪০ সালে ওই ঈদগাহটি নির্মাণ করেছিলেন। সুবাদার, নাজিম ও অন্য মুঘল কর্মকর্তারা সেখানে নামাজ পড়তেন। ইংরেজ আমলে ঈদগাহটি ছিল জরাজীর্ণ ও জঙ্গলাকীর্ণ। উনিশ শতকে খুব সম্ভব শেষের দিকে শহরের মুসলমানরা ওই ঈদগাহে ঈদের নামাজ পড়তেন। আর সেখানে একটি মেলার আয়োজন করা হতো। মুঘল আমলে ঈদের দিন ঈদগাহে যেতেন মুঘলরাই, সাধারণ মানুষের স্থান সেখানে ছিল কি না সন্দেহ। তবে তায়েশ উল্লিখিত মেলার বর্ণনা থেকে অনুমান করে নিতে পারি, উনিশ শতকের শেষে এবং এ শতকের গোড়ায় ঈদের দিন আনুষঙ্গিক আনন্দ হিসেবে সাধারণ মানুষ যোগ করেছিল একটি লোকায়ত উপাদান-মেলা।'

'ঢাকা সমগ্র ১' গ্রন্থ থেকে জানা যায়, আশরাফ-উজ-জামান তাঁর আত্মজীবনীমূলক এক নিবন্ধে ঈদ মেলার কথা উল্লেখ করেছেন। তিনি লিখেছেন, 'ঈদের মেলা হ'ত চকবাজারে এবং রমনা ময়দানে। বাঁশের তৈরি খঞ্চা ডালা আসত নানা রকমের। কাঠের খেলনা, ময়দা এবং ছানার খাবারের দোকান বসতো সুন্দর করে সাজিয়ে। কাবলীর নাচ হ'ত বিকেল বেলা।' তা সম্ভবত ত্রিশ-চল্লিশের দশক।

এ সময়ে ঈদ উদযাপন সম্পর্কে মুনতাসীর মামুনের পর্যবেক্ষণ, 'ঈদ সম্পর্কে যে স্বল্প বিবরণ পাওয়া যায়, তা থেকে ধরে নেওয়া যায়, রমজান মাস থেকেই শুরু হতো ঈদের প্রস্তুতি। এ উৎসাহের শুরু হতো রমজানের ঈদের চাঁদ দেখা থেকে। মনে হয়, এটি মুঘল প্রভাবের কারণ এবং তা সীমাবদ্ধ ছিল শহরে বিশেষ করে ঢাকার এবং মফস্বল বা গ্রামের সম্পন্ন বা মধ্যবিত্ত পরিবারের মধ্যে। ১৯৪৭-এর আগে, বাংলাদেশে একমাত্র ঢাকায়ই ঈদ যা একটু ধুমধামের সঙ্গে পালিত হতো। ঢাকা ছিল পূর্ববঙ্গের প্রধান ও মুঘল শহর। তাই মুঘল ঈদের প্রভাব ছিল বেশি। তা ছাড়া এখানে থাকতেন নওয়াব ও অন্যান্য মুসলমান ধনাঢ্য ও শরিফ ব্যক্তিরা। ফলে ঈদ পেত পৃষ্ঠপোষকতা।'

'ঢাকা সমগ্র ১' গ্রন্থে উল্লেখ আছে, একসময় ঢাকায় ঈদের মিছিল হতো। বাংলাদেশের আর কোথাও এ ধরনের মিছিল বের হতো না। এ মিছিল কবে শুরু হয়েছিল তা জানা যায়নি। তবে খুব সম্ভব অষ্টাদশ শতকে নায়েব-নাজিমদের নিমতলী প্রাসাদে এসে বসবাস শুরু করার সময় থেকে। আর খুব সম্ভব উনিশ শতকের মাঝামাঝি ঢাকার নায়েব-নাজিমদের বংশ লুপ্ত হয়ে গেলে এই ঈদ মিছিলের সমাপ্তি ঘটে। মুনতাসীর মামুনের লেখা থেকে জানা যায়, এ শতকের বিশ-তিরিশের দশকে ঢাকায় রমজানের শুরুতেই ঘরবাড়ি, মসজিদ সব সাফ-সুতরো করে রাখা হতো। রমজানের চাঁদ দেখার জন্য বিকাল থেকেই বড়কাটরা, আহসান মঞ্জিল, হোসনি দালানের ছাদে ভিড় জমে যেত।

আবু যোহা নূর আহমদ তাঁর 'উনিশ শতকের ঢাকার সমাজজীবন' গ্রন্থে লিখেছেন, 'চাঁদ দেখা মাত্রই চারদিক হইতে মোবারকবাদ, পরস্পর সালাম বিনিময় এবং গোলাবাজি ও তোপের আওয়াজ করা হতো। গত ৪০০ বছরে ক্রমে ঈদের জৌলুস বেড়েছে। মুঘল ও ব্রিটিশ আমলে এ অঞ্চলে ঈদ তেমন কোনো ব্যাপার ছিল না। পাকিস্তান আমলে তা একটি অবয়ব পায়। ঈদকে ঘিরে এখন একটি অর্থনীতি তৈরি হয়েছে। ফ্যাশন তৈরি হয়েছে। সংবাদপত্রে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের পাশাপাশি দেশের টেলিভিশন চ্যানেলগুলোতেও ঈদ নিয়ে কয়েক দিনব্যাপী অনুষ্ঠান হয়ে থাকে। রাষ্ট্রীয়ভাবেও থাকছে ছুটি। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীও ঈদ শুভেচ্ছা জানিয়ে থাকেন জাতিকে। ঈদ উৎসব আজ ধর্মপ্রাণ বাঙালি মুসলমানদের বছরের শ্রেষ্ঠতম উৎসব এবং আনন্দ অনুভূতি প্রকাশের শ্রেষ্ঠতম অবলম্বন।

লেখক: সহকারী সম্পাদক, বাংলাদেশ প্রতিদিনছাত্ররাজনীতি বলে

ছাত্ররাজনীতি বলে এখন কি কিছু আছে?

॥ মহিউদ্দিন আহমদ ॥

ছাত্ররাজনীতি নিয়ে বেশ কিছুদিন ধরে আলাপ-আলোচনা হচ্ছে। সম্প্রতি বুয়েটে ছাত্ররাজনীতি করা না-করা নিয়ে বিতর্ক চরম পর্যায়ে উঠেছে। এখানে বেশ কয়েকটি বিষয় প্রাসঙ্গিক। প্রথমটি হলো রাজনীতি, দ্বিতীয়টি ছাত্ররাজনীতি, তৃতীয়টি শিক্ষাপ্রতিষ্ঠানে রাজনৈতিক আচরণটা কেমন হওয়া দরকার।

ঔপনিবেশিক আমলে আমাদের এখানে একধরনের রাজনীতি ছিল। সেটি হলো স্বাধীনতার স্পৃহা ও তার জন্য প্রস্তুতি, আন্দোলন ও সংগঠন। এর একপর্যায়ে বাংলাদেশ স্বাধীন হলো। স্বাধীন হওয়ার পরে আমরা দেখলাম যে অতীতের যে রাজনীতি, সেই রাজনীতিতে ছেদ পড়ল না। সেই আগের মতোই আমরা মাঠে গিয়ে বলি, সংগ্রামী ভাইয়েরা আমার। প্রশ্ন হলো, সংগ্রামটা কার বিরুদ্ধে?

একটা বৈশ্বিক প্রেক্ষাপটে আমরা একসময় দেখেছি, সমাজতন্ত্রের আন্দোলন হয়েছে। তরুণেরাই ছিল সেই আন্দোলনের ভ্যানগার্ড বা সম্মুখসারিতে। ষাট ও সত্তরের দশকে পশ্চিম গোলার্ধ থেকে শুরু করে আমাদের এই অঞ্চল–সবখানেই সমাজতান্ত্রিক আন্দোলনের জোয়ার ছিল। আন্তর্জাতিক কমিউনিস্ট আন্দোলন মুখ থুবড়ে পড়ার পর থেকে এই ধারার আন্দোলন মিইয়ে গেছে। কেননা, সোভিয়েত ইউনিয়ন, চীন–এসব দেশের পৃষ্ঠপোষকতায়ই দেশে দেশে সমাজতান্ত্রিক আন্দোলন চলত। সোভিয়েত ইউনিয়নের কমিউনিস্ট পার্টি বিভিন্ন দেশে আর্থিক সাহায্য দিত, বিভিন্ন দেশের কমিউনিস্ট পার্টিকে রীতিমতো প্রতিপালন করত।

এখন বলা চলে, পৃথিবীর কোনো দেশেই আর সমাজতন্ত্র নেই। চীনে কমিউনিস্ট পার্টির নামে রাষ্ট্রীয় পুঁজির ধারকেরা শাসন করছেন। সমাজতান্ত্রিক আন্দোলনটা পৃথিবীব্যাপী প্রায় 'নাই' হয়ে গেলেও আমরা যেহেতু অতীতের জাবরকাটায় খুবই অভ্যস্ত ও পছন্দ করি, তাই আমরা সেই চল্লিশ, পঞ্চাশ, ষাট ও সত্তরের দশকের রাজনীতি নিয়ে এখনো টেবিল কাঁপাই, চায়ের কাপে ঝড় তুলি।

সব মিলিয়ে দেশে ছাত্ররাজনীতি নেই। যেটা আছে, সেটা হলো নষ্ট হওয়া, পচে যাওয়া জাতীয় রাজনীতির চুইয়ে পড়া একটা চর্চা। ছাত্ররা যদি তাঁদের নিজস্ব প্রতিষ্ঠানের বা তাঁদের সমষ্টিগত সমস্যা নিয়ে দর-কষাকষি করতে চান, দাবি আদায় করতে চান, সেটা তাঁরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বা হল কর্তৃপক্ষের সঙ্গে করতে পারেন। কিন্তু রাজনৈতিক দলগুলোর অঙ্গসংগঠনের কমিটি থাকতে হবে কেন?

আমাদের দেশে একাত্তর-পরবর্তী ছাত্ররাজনীতির যে ধারা দেখছি, সেটি কোনো দিক থেকেই ইতিবাচক নয়। পাকিস্তান আমলে একটা চেষ্টা হয়েছিল–জনসমর্থনহীন সরকার কিছু গুন্ডাপান্ডা দিয়ে ছাত্রসংগঠন তৈরি করে বিশ্ববিদ্যালয়ে মাস্তানি করত। এটা আমরা ন্যাশনাল স্টুডেন্ট ফেডারেশন বা এনএসএফের ক্ষেত্রে দেখেছি। কিন্তু সেটিরও একটি সীমা ছিল। উনসত্তরের গণ-আন্দোলনের পরে তাদের অনেকে গা ঢাকা দেয়, অনেকে পিটুনি খেয়ে পালিয়ে যায়, অনেকে দেশ ছেড়ে পালিয়ে যায়। এরপর এ ধরনের ছাত্ররাজনীতি আর ছিল না।

একাত্তরে দেশ স্বাধীন হওয়ার পর সে ধারা আবার নতুন করে ফিরে এল। মুসলিম লীগের ছাত্রবাহিনী পোষার রাজনীতিটা অন্যান্য রাজনৈতিক দল গ্রহণ করল। আগে সব দলেরই ছাত্রসংগঠন ছিল। কিন্তু ছাত্রসংগঠন ছিল রাজনৈতিক দলগুলোর সহযোগী সংগঠন। পরে আমরা দেখলাম, সেগুলো অঙ্গসংগঠন হয়ে গেল। অর্থাৎ রাজনৈতিক দলগুলোর বিশ্ববিদ্যালয় শাখা, কলেজ শাখা। তারা ছাত্ররাজনীতি করে না, তারা করে জাতীয় রাজনীতি।

১৯৭২ সালের পর থেকে ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোয় তাদের প্রভাব জিইয়ে রাখার জন্য বেশ মরিয়া হয়ে উঠল এবং খুবই কর্তৃত্ববাদী আচরণ শুরু করল। তাদের পক্ষে গেল বিশ্ববিদ্যালয় প্রশাসন। ১৯৭৩ সালে একটা ঘটনা দেখলাম, যেটা খুবই বাজে দৃষ্টান্ত। বিরোধী রাজনৈতিক দলের একটি সহযোগী ছাত্রসংগঠন ডাকসুতে নির্বাচনে জিতে যাবে, সেটা সরকারের উচ্চ মহলের কেউ চাননি। তাঁদের প্রশ্রয়ে ছাত্রলীগ ও ছাত্র ইউনিয়ন যৌথভাবে ব্যালট বাক্স ছিনতাই করে বিরোধীদের বিজয় ছিনিয়ে নিয়ে গেল। এরপর একধরনের মাস্তানতন্ত্র কায়েম হলো।

১৯৭৪ সালের এপ্রিলে দেখলাম আরেকটি ভয়াবহ ঘটনা। বিশ্ববিদ্যালয়ে কর্তৃত্ব প্রতিষ্ঠায় ক্ষমতাসীন দলের ছাত্রসংগঠনের মধ্যেই আবার কোন্দল ছিল। দলের দুজন যুবনেতার মধ্যে কোন্দলের কারণে মুহসীন হলে সাত তরুণের বুক ব্রাশফায়ারে ঝাঁঝরা হয়ে গেল। যারা মরে গেল, তারাও ক্ষমতাসীন দলের ছাত্র, যারা মারল, তারাও ক্ষমতাসীন দলের। এরপর বিশ্ববিদ্যালয়ে আর কোনো রাজনীতি ছিল না।

জিয়াউর রহমানের আমলে রাজনীতি আবার যখন মাথাচাড়া দিয়ে উঠল, তখন বিশ্ববিদ্যালয়ে আমরা দেখেছি রাজনৈতিক দলের ছাত্রসংগঠনগুলোকে। আওয়ামী লীগের ছাত্রলীগ, জাসদের ছাত্রলীগ, বিএনপির ছাত্রদল। তারা মোটামুটি মরিয়া তাদের ক্যারিশমা প্রতিষ্ঠার জন্য। এরশাদের আমলেও সেটি দেখেছি। যদিও এরশাদের ছাত্রসংগঠন ছাত্রসমাজ ছাত্রদের মধ্যে তেমন কোনো সুবিধা করতে পারেনি।

একপর্যায়ে এসে দেখলাম, যে দল যখন ক্ষমতায় থাকে, সেই দলের ছাত্রসংগঠন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস বা কলেজ ক্যাম্পাস দখল করে নেয়। বিরোধীদের সেখান থেকে উৎখাত করা হয়। বিএনপির আমলে দেখেছি, ছাত্রদল সেটা করেছে। আওয়ামী লীগের আমলে ছাত্রদলকেই উৎখাত করা হয়েছে। এখন এমন অবস্থা দাঁড়িয়েছে, ভিসি, প্রভোস্টদের কী ভূমিকা আমরা জানি না। কারণ, হলে হলে ছাত্রদের সিট বিতরণ করে ছাত্রলীগের নেতারা। আর নবাগতদের ঠাঁই হয় গণরুমে। এই গণরুম সংস্কৃতিই বলে দেয় আমরা অসভ্যতার কোন স্তরে আছি। আমরা যতই ডিজিটাল বাংলাদেশ, স্মার্ট বাংলাদেশ বলে বাগাড়ম্বর করি না কেন, তার মধ্যে একটা অট্টহাসি দিয়ে বিরাজ করে গণরুম কালচার।

এসব থেকে বেশ কিছুদিন মুক্ত ছিল বুয়েট। আমাদের এখানে এসএসসি ও এইচএসসিতে যাঁরা ভালো ফল করেন, তাঁরা প্রতিযোগিতামূলক পরীক্ষা দিয়ে বুয়েটে ভর্তি হন। কিন্তু ব্যবস্থাটিও হুমকির মুখে পড়ছে। এর একটা কদর্য প্রতিফলন হলো আবরার ফাহাদ হত্যাকান্ড। ক্ষমতাসীন দলের অনেকে যাঁরা দেশে থাকেন এবং বিদেশে থেকে রাজনীতি করেন, তাঁরা বের করলেন, আবরার নাকি শিবির করতেন। তাঁদের কথায় মনে হয়েছিল, শিবিরের তকমা দিয়ে যাকে খুশি তাকে পিটিয়ে মেরে ফেলা যায়।

এর একটা বিরূপ প্রতিক্রিয়া হয়েছে বুয়েটে। সেখানে সাধারণ শিক্ষার্থীরা লেখাপড়া করতে আসেন। তাঁরা জানেন, পড়াশোনা শেষে তাঁরা এ দেশে একটা কর্মসংস্থানের চেষ্টা করবেন। এ দেশে কর্মসংস্থান হবে, সেই গ্যারান্টি নেই। তাঁরা অনেকে ভালো ফল করে বিদেশে চলে যেতে চান। প্রতিযোগিতা করে বিদেশের অনেক ভালো ভালো শিক্ষাপ্রতিষ্ঠানে তাঁরা ভর্তি হন।

আমাদের চোখের সামনে যেসব বড় নেতাকে দেখি, তাঁদের সন্তানেরা কিন্তু ছাত্রলীগ, ছাত্রদল করে না। তাঁদের অনেকে সন্তানদের দেশে পড়ানও না। বিদেশে অনেকে আওয়ামী লীগ বা বিএনপি করে। তাদের বাপ-দাদারা এখানে সংসদ সদস্য। সংসদ সদস্য হওয়ার জন্য তাদের ছাত্ররাজনীতির ব্যাকগ্রাউন্ড দরকার নেই। তাদের সন্তানেরা এই নষ্ট রাজনীতি করবে না, আর তাদের হয়ে চোঙা ফুঁকবে অন্যের সন্তানেরা। এটা একধরনের দ্বিচারিতা।

আমরা এখন আর ছাত্রসম্পর্কিত বা শিক্ষাপ্রতিষ্ঠান-সম্পর্কিত নানা সমস্যা, দাবিদাওয়া, দর-কষাকষি দেখি না। শিক্ষাপ্রতিষ্ঠানে আমরা যা দেখি, তা হলো আওয়ামী লীগের রাজনীতি, বিএনপির রাজনীতি, না হয় জামায়াতে ইসলামের রাজনীতি। অন্য রাজনৈতিক দলগুলো দুর্বল বলে ক্যাম্পাসে তাদের অবস্থান দুর্বল।

সব মিলিয়ে দেশে ছাত্ররাজনীতি নেই। যেটা আছে, সেটা হলো নষ্ট হওয়া, পচে যাওয়া জাতীয় রাজনীতির চুইয়ে পড়া একটা চর্চা। ছাত্ররা যদি তাঁদের নিজস্ব প্রতিষ্ঠানের বা তাঁদের সমষ্টিগত সমস্যা নিয়ে দর-কষাকষি করতে চান, দাবি আদায় করতে চান, সেটা তাঁরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বা হল কর্তৃপক্ষের সঙ্গে করতে পারেন। কিন্তু রাজনৈতিক দলগুলোর অঙ্গসংগঠনের কমিটি থাকতে হবে কেন?

লেখক: লেখক ও গবেষক

জাকাত দিন, মানবিক সমাজ গড়ুন

(শেষের পাতার পর)

প্রশংসা ইত্যাদি। ইসলামী পরিভাষায়- জাকাত মানে সম্পদের একটি নির্দিষ্ট অংশ গরিবের জন্য প্রদান করা। ধনীদের সম্পদে গরিবের অধিকার প্রতিষ্ঠা করে জাকাত। যা আদায় করতে ধনী ব্যক্তিটি বাধ্য। মহান আল্লাহ পবিত্র কুরআন মাজিদে নামাজের সাথে সাথে জাকাত আদায়েরও নির্দেশ দিয়েছেন। কুরআন মাজিদে মোট ৩২ বার জাকাত আদায়ের নির্দেশ আছে। আল্লাহ এককভাবে সাতবার আর নামাজের সাথে ২৫ বার, জাকাত আদায়ের তাগিদ দিয়েছেন। জাকাত হচ্ছে অসহায়, অভাবী, অক্ষম এবং সুবিধাবঞ্চিত মুসলিম জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের মূল হাতিয়ার। মানবকল্যাণই জাকাতের মূল লক্ষ্য।

মনে রাখতে হবে, জাকাত হচ্ছে আল্লাহ কর্তৃক নির্ধারিত একটি বিধান। আর এটি হচ্ছে ধনীদের সম্পদে বঞ্চিতদের অধিকার। এটি বঞ্চিতদের প্রতি ধনীদের কোনো করুণা বা অনুগ্রহ নয়। আবার এটি দানও নয়। এটি হচ্ছে ধনীদের সম্পদে গরিবদের এমনই একটি অধিকার, যেটি প্রতি বছর ধনী ব্যক্তিরা গরিবদের দিতে বাধ্য এবং সেটি গরিবদের ঘরে পৌঁছে দেয়াটা ধনীদের দায়িত্ব। এভাবে জাকাত প্রদানকে আল্লাহ ফরজ করে দিয়েছেন যাতে একদিকে জাকাত আদায়ের মাধ্যমে ধনী ব্যক্তিরা তাদের ধর্মীয় বিধান পালন করবে, অপরদিকে জাকাতের অর্থ দিয়ে স্বাভাবিক নিয়মে সমাজ থেকে দরিদ্রতা ও সমস্যা দূর হবে। এভাবে জাকাত সিস্টেমের মাধ্যমে ইসলাম সর্বজনীন এবং কল্যাণমুখী অর্থনীতি চালু করেছে, যার মাধ্যমেই কেবল একটি আলোকিত ও মানবিক সমাজ গড়া সম্ভব।

জাকাত আদায় করলেই অর্জিত অর্থ বৈধ, হালাল ও পবিত্র হয়। আর্থিকভাবে সচ্ছল মানুষের ওপর জাকাত আদায় বাধ্যতামূলক। কখন জাকাত আদায় করতে হবে এবং জাকাতের পরিমাণ কত হবে তা ইসলাম সুস্পষ্টভাবে বলে দিয়েছে। জাকাতের অর্থ কোন কোন খাতে ব্যয় করতে হবে, সেটিও নির্ধারিত।

জাকাতের অর্থে অভাবী মানুষের সমস্যার সমাধান হয়। কিন্তু মুসলিম জাতির দুর্ভাগ্য, অনেক মুসলমান ঠিকমতো জাকাত আদায় করে না। এমনকি যারা নামাজ পড়ে, রোজা রাখে তাদেরও অনেকে ঠিকভাবে জাকাত দেন না। ঠিকভাবে জাকাত আদায় করলে এর পরিমাণ অনেক বেশি হতো।

আবার জাকাতের টাকা সঠিকভাবে সঠিক খাতে ব্যবহৃতও হয় না। ফলে জাকাতের উপকার থেকে সমাজ বঞ্চিত হচ্ছে। তাই সঠিকভাবে জাকাত আদায় করা ও জাকাতের অর্থ সঠিকভাবে ব্যবহার করা জরুরি।

জাকাত আদায় না করলে বৈধ ও হালাল আয়ও আংশিকভাবে হারাম হয়ে যায়। আর হারাম আয়ে জীবন যাপন করলে ইবাদত কবুল হয় না। পবিত্র কুরআনে বলা হয়েছে, 'তোমরা সালাত কায়েম করো, জাকাত প্রদান করো এবং রুকুকারীদের সাথে রুকু করো।' (সূরা বাকারা-৪৩) 'তোমরা সালাত কায়েম করো, জাকাত দাও এবং আল্লাহকে দাও উত্তম ঋণ।' (সূরা মুজাম্মিল-২০) 'তোমরা সালাত কায়েম করো, জাকাত দাও এবং আল্লাহ ও তার রাসূলের আনুগত্য করো।' (সূরা মুজাদালাহ-১৩) আল্লাহ বলেছেন, 'যারা জাকাত দেয় না, তারাই আখিরাতের অস্বীকারকারী কাফির।' (সূরা হা-মিম সাজদা-৭)

যাদের ওপর জাকাত ফরজ হয়েছে, তারা সবাই সঠিক পরিমাণে জাকাত দিত এবং সেই জাকাতের অর্থ জাকাতের নির্দিষ্ট খাতসমূহে ব্যয় করত তাহলে মুসলিম সমাজে কোনো দরিদ্র, বঞ্চিত ও অসহায় মানুষ থাকত না।

অর্থের প্রতি মানুষের লোভ আদিকাল থেকেই চলে আসছে। মানুষেরা সহজে এবং স্বতঃস্ফূর্তভাবে অপরের কল্যাণে টাকাপয়সা খরচ করতে চায় না। তাই অনেকে সঠিকভাবে জাকাতের অর্থ আদায় করে না। অনেকে মনে করে জাকাতের টাকা দিলে সম্পদ কমে যাবে। কিন্তু প্রকৃত চিত্র ঠিক উল্টো। এ প্রসঙ্গে আল্লাহ বলেন, জাকাত দিলে সম্পদ বৃদ্ধি পায়। আল্লাহ বলেন, 'তোমরা যে সুদ দিয়ে থাকো, মানুষের সম্পদ বৃদ্ধি পাওয়ার জন্য তা মূলত আল্লাহর কাছে বৃদ্ধি পায় না। আর তোমরা যে জাকাত দিয়ে থাকো আল্লাহর সন্তুষ্টি কামনা করে তাই বৃদ্ধি পায় এবং তারাই বহুগুণ সম্পদ প্রাপ্ত হয়।' (সূরা রুম-৩৯) একটু গভীরভাবে পর্যালোচনা করলেই বিষয়টি পরিষ্কার হবে। যেমন- একজন মানুষ সুদ খায় সম্পদ বাড়ানোর জন্য। কিন্তু বাস্তবে সুদের কারণে যে সুদ খায় তার সম্পদ বাড়ে না। কারণ সুদি সিস্টেমে গরিবের টাকা ধনীদের হাতে চলে আসে। ফলে যারা সুদ প্রদান করে তাদের হাতে টাকা থাকে না, তাদের ক্রয়ক্ষমতা থাকে না। সমাজে ধনী-দরিদ্রের ব্যবধান বাড়ে। অন্যদিকে জাকাত আদায়ের ফলে ধনীর সম্পদ দরিদ্রদের হাতে যায়। ফলে অর্থনীতির চাকা সচল হয়, সমাজে দরিদ্রের সংখ্যা কমে এবং সমাজে ধনী-গরিবের বৈষম্যও কমে। এভাবে জাকাত ব্যবস্থার কল্যাণে সমাজ উন্নত হয়।

জাকাতের অর্থ যেনতেন খাতে ব্যয় করা যাবে না। কারণ জাকাত প্রদানের আটটি খাত আল্লাহ নিজেই নির্ধারণ করে দিয়েছেন। এ সম্পর্কে আল্লাহ বলেন, 'নিশ্চয়ই সদাকা হচ্ছে- ১. ফকির; ২. মিসকিন; ৩. ওইসব লোক যারা সদাকা উত্তোলনের কাজে নিয়োজিত; ৪. ওই সমস্ত কাফির, যাদের অন্তর আকৃষ্ট করা প্রয়োজন; ৫. দাস আজাদ করা; ৬. ঋণগ্রস্তদের সাহায্য করা; ৭. আল্লাহর রাস্তায় জিহাদকারী এবং ৮. মুসাফিরদের প্রয়োজনে ব্যবহার করার জন্য। এটি আল্লাহর পক্ষ থেকে সুনির্ধারিত। আর আল্লাহ মহাজ্ঞানী, তিনি প্রজ্ঞাময়।' (সূরা তওবাহ-৬০) আবার কেউ তার আপন মা-বাবা, নানা-নানী, দাদা-দাদী ও তাদের মা-বাবাকে জাকাত দিতে পারবে না। একইভাবে নিজের ছেলেমেয়ে, নাতি-নাতনী ও তাদের সন্তানকে জাকাত দেয়া যাবে না। আবার স্বামী-স্ত্রী একে অপরকে জাকাত দিতে পারবে না। কারণ এসব রক্ত সম্পর্কের মানুষগুলোকে ভরণপোষণে সাহায্য করা হচ্ছে প্রতিটি মানুষের নৈতিক এবং ধর্মীয় দায়িত্ব। তাই এদের কল্যাণে জাকাতের টাকা ব্যয় করা যাবে না। কিন্তু আপন ভাইবোন, ভাগনে-ভাগ্নি, ভাতিজা-ভাতিজি, চাচা-জেঠা-ফুফু-মামা-খালা, চাচাতো-জেঠাতো-ফুফাতো-মামাতো-খালাতো ভাইবোন এবং অন্যান্য নিকটাত্মীয়কে জাকাত দেয়া যাবে। কোনো মানুষকে তার পারিশ্রমিক বা মজুরি হিসাবে জাকাত দেয়া যাবে না। অর্থাৎ জাকাতের টাকা দিয়ে মজুরি পরিশোধ করা যাবে না। তবে মজুরির বাইরে এদেরকে জাকাতের টাকা জাকাত হিসাবে দেয়া যাবে। সুতরাং জাকাতের আদায়কৃত অর্থ সঠিক খাতেই ব্যয় করতে হবে। একজন মুসলমানের ওপর যত টাকা জাকাত নির্ধারিত হয়েছে তাকে তার পুরোটাই দিতে হবে। এ ক্ষেত্রে আংশিকভাবে জাকাত প্রদানের কোনো সুযোগ নেই।

সবাই স্বতঃস্ফূর্তভাবে নির্ধারিত জাকাত আদায় করুন। এর মাধ্যমে আপনি আল্লাহর সন্তুষ্টি অর্জন করুন এবং সমাজ থেকে দুঃখ দুর্দশা লাঘবে ভূমিকা রাখলেন। তাই আপনার জাকাতের অর্থ দিয়ে একটি ফান্ড গঠন করতে পারেন। সেই ফান্ড থেকে জাকাতের টাকা সমাজের অসহায় ও বঞ্চিত মানুষের সমস্যা সমাধানের কাজে ব্যয় করুন। প্রতিটি ধনাঢ্য পরিবারের কর্তারা জাকাতের টাকা দিয়ে একটি দরিদ্র পরিবারের সন্তানের শিক্ষার দায়িত্ব নিলে সমাজ খুব সহজেই শিক্ষার আলোয় আলোকিত হতে পারে। একইভাবে দেশের প্রত্যেক ব্যবসায়ী ও শিল্প গ্রুপ যদি তাদের তত্ত্বাবধানে একটি জাকাত ফান্ড পরিচালিত করে এবং সেই জাকাত ফান্ডের টাকা দিয়ে সমাজের অসহায় ও বঞ্চিত মানুষের পাশে দাঁড়ায়, তাহলে সমাজের অনেক সমস্যা আপনাআপনিই দূর হয়ে যেতে পারে।

ইসলাম মানবতার ধর্ম। মানবকল্যাণই ইসলামের মূলমন্ত্র। তাই ইসলাম তার যাবতীয় কর্মই মানবকল্যাণের সাথে সংযুক্ত করেছে। জাকাত তার জ্বলন্ত উদাহরণ। আল্লাহ জাকাতের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণের স্থায়ী সিস্টেম চালু করেছেন। এর মাধ্যমে গরিবের প্রতি ধনীদের দায়বদ্ধতা সৃষ্টি করেছেন।

জাকাতের অর্থ সারা বছর ধরেই দিতে পারেন। তবে ঈদুল ফিতরের আগে বছরের সব জাকাত পরিশোধ করা উচিত। জাকাত প্রদানের ক্ষেত্রে এক ঈদুল ফিতর থেকে পরবর্তী ঈদুল ফিতর পর্যন্ত সময়কে জাকাতের অর্থবছর ধরতে পারেন। আপনার ওপর নির্ধারিত পরিমাণ জাকাতের টাকা থেকে অসহায় মানুষের কল্যাণে বছরজুড়েই অর্থ ব্যয় করুন এবং জাকাতের চূড়ান্ত হিসাব করে বাকি টাকা ঈদুল ফিতরের আগেই পরিশোধ করুন। তাহলে সব বঞ্চিত, অসহায় এবং গরিব মানুষের মুখে ঈদের হাসি ফুটবে এবং তাদের ঘর ঈদের খুশিতে আলোকিত হবে। এটিই মানব জীবনের সার্থকতা ও সৌন্দর্য। মুসলমানদের পাশাপাশি অমুসলিমরাও কিন্তু জাকাতের সিস্টেমে গরিবদের জন্য অর্থ ব্যয় করতে পারে। কারণ এই অর্থ তো মানবকল্যাণেই ব্যয় হবে। আসুন, যথাযথভাবে জাকাত আদায়ের মাধ্যমে সমাজ থেকে ক্ষুধা, দারিদ্র্য, অশিক্ষা ও অভাব দূর করি আর একটি মানবিক সমাজ গড়ে তুলি।

লেখক: প্রকৌশলী এবং উন্নয়ন গবেষক, আহবায়ক, জাকাত ফর হিউমানিটি

প্রতিক্রিয়ায় যা বলল

(প্রথম পাতার পর)

চিট গ্রিনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, 'বাংলাদেশের বিষয়টি একেবারে পরিষ্কার। আমরা যেকোনো যুদ্ধের বিরুদ্ধে। আমরা চাই পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠিত হোক, সব যুদ্ধ বন্ধ হোক।'

গাজায় অবিলম্বে মানবতাবিরোধী অপরাধ বন্ধের আহবান জানিয়ে তিনি বলেন, নির্বিচারে নারী ও শিশু, সাধারণ মানুষকে হত্যা করা হচ্ছে, মানবতার বিরুদ্ধে অপরাধ হচ্ছে, সেটি অবিলম্বে বন্ধ হোক।'

ইসরাইল-ইরান সংঘাতের প্রসঙ্গ টেনে হাছান মাহমুদ বলেন, 'ইসরাইল সিরিয়ায় ইরানি দূতাবাসে আক্রমণ করার প্রেক্ষিতেই ইরান এই আক্রমণ করার সুযোগ পেয়েছে। আমরা আশা করি, দায়িত্বশীল রাষ্ট্রগুলো যুদ্ধ-বিগ্রহ বন্ধে ভূমিকা রাখবে।'

প্রসঙ্গত, স্থানীয় সময় শনিবার রাতে ইসরাইলে হামলা চালিয়েছে ইরান। ইরাক, সিরিয়া ও ইয়েমেন থেকেও হামলা চালানো হয়। ইসরাইল বলছে, তিনশর বেশি ড্রোন, ক্রুজ ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়েছে। রোববার ইসরাইলের প্রতিরক্ষা বাহিনী আইডিএফ দাবি করেছে, ইরানের বেশিরভাগ ক্ষেপণাস্ত্র ও ড্রোন প্রতিহত করা হয়েছে। ইসরাইলি ভূখন্ড অতিক্রম করার আগেই এই অঞ্চলের কৌশলগত মিত্রদের সঙ্গে নিয়ে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ব্যবহার করে সেগুলো ঠেকিয়ে দেয়া হয়।

বাংলা নববর্ষের শুভেচ্ছা

(প্রথম পাতার পর)

শনিবার রাত ১২টার পর সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় তিনি এবং তার স্ত্রী জিল বাইডেনের পক্ষ থেকে এই শুভেচ্ছা জানান। তিনি তার বার্তায় লেখেন, যারা বিশ্বের নানা প্রান্তে একত্রিত হচ্ছেন বৈশাখী, নবরাত্রি, সংক্রান্তি এবং নববর্ষ উদযাপনের উদ্দেশ্যে তাদের সবাইকে জিল ও আমি শুভেচ্ছা জানাচ্ছি। আমরা আপনাদের আনন্দ কামনা করছি। বার্তায় বাইডেন বাংলা, খেমার, লাও, মায়ানমারিজ, নেপালি, সিংহলি, তামিল, থাই ও বিষু নববর্ষেরও শুভেচ্ছা জানান।

আদিয়ান ইসলামের জন্মদিন পালিত











নিউইয়র্ক: কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ'র কার্যকরী সদস্য বদরুল ইসলাম মিন্টু ও রুমানা ইসলাম দম্পতির পুত্র আদিয়ান ইসলামের সপ্তম জন্মদিন পালিত হয়েছে। এ উপলক্ষ্যে রোববার (১৪ এপ্রিল) ব্রঙ্কসের আল আকসা পার্টি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। জাকজমক পূর্ণ এই অনুষ্ঠানে আদিয়ানের পরিবারের সদস্য সহ উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন সাধারণ সম্পাদক জাবেদ আহমেদ, ব্যবসায়ী খলিলুর রহমান, ফরহাদুল ইসলাম লিটু, আলতাফ হোসেন, রুবেল আহমেদ, মাহমুদ আহমেদ, মোহাম্মদ শাহ নেওয়াজ, রহিমা বেগম, করিমা বেগম সহ বিপুল সংখ্যক কুলাউড়াবাসী উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।

আমেরিকান পররাষ্ট্রনীতি

(প্রথম পাতার পর)

লড়াইয়ের । নিজের অবস্থান সংযত করে অপরকে সুবিধা করে দেওয়ার ঝুঁকি কেউ নিতে আগ্রহী ছিল না । তবে ঐ সময়ও হ্যানস মর্গেনথাও, জর্জ কেনান, কেনেথ ওয়াটজ, ওয়াল্টার লিপম্যান ও অন্যান্য রিয়েলিস্টরা খোলাখুলিভাবেই যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির সমালোচনা করতেন । ভিয়েতনামনীতি নিয়ে তারা রাখঢাক ছাড়াই ক্ষোভ প্রকাশ করতেন । তারা একটি পরিশীলিত ও সামরিক শক্তির ওপর কম নির্ভরশীল পররাষ্ট্রনীতির সমর্থক ছিলেন । তারা চাইতেন যুক্তরাষ্ট্র বহির্বিশ্বে প্রভাব ধরে রাখতে বিশাল অঙ্কের খরচ না করুক, খরচ কিছু কমাক । তবে শীতল যুদ্ধের যুগে রিপাবলিকান ও ডেমোক্র্যাট দুই দলই সমাজতন্ত্র উৎখাত করতে নীতিগতভাবে একমত ছিল । তাই এর বাইরে অবস্থান নেওয়া বেশির ভাগ রাজনীতিবিদেরই সম্ভব ছিল না ।

সংযতবাদী বা বাস্তববাদী একটি ধারা মার্কিন রাজনীতিতে বরাবরই ছিল । তবে প্রথাগত রাজনৈতিক দলগুলোর বিপরীতে তারা উচ্চকণ্ঠ ছিল না । তারা যুক্তরাষ্ট্রের শ্রেষ্ঠত্ব বিরোধী তা নয়, অথবা দেশটির সামরিক ক্ষমতা খর্ব হোক এটাও তারা চাইত না । তাদের উদ্দেশ্য ছিল যুক্তরাষ্ট্র যেন বৈদেশিক ইস্যুতে কম জড়ায় । তাদের পক্ষে জোর গলার কথা বলার সুযোগ বলতে গেলে ছিল না । তবে ২০১৬ সালে ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হয়ে যেভাবে একলা চলার নীতি অনুসরণ করেছেন সেটি ধৈর্য্যশীল রাজনীতির সমর্থকদের প্রত্যাশার মাত্রা বহুদূর ছাড়িয়ে গেছে বলে বিশ্লেষকরা মনে করেন । ট্রাম্পের নীতি ছিল 'আমেরিকা ফার্স্ট' । এই নীতি অনুসরণ করতে গিয়ে দীর্ঘদিনের মিত্রদের সঙ্গে সম্পর্কে দূরত্ব তৈরি হয়েছিল ট্রাম্পের সময় । তবে ঝামেলায় না গিয়ে 'সুখে শান্তিতে' দেশ চালানোর পক্ষপাতি ছিলেন তিনি ।

এমআইটির প্রফেসর ব্যারি আর পোসেনের ২০১৪ সালে লেখা 'রিস্ট্রেইন্ট : এ নিউ ফাউন্ডেশন ফর ইউএস গ্র্যান্ড স্ট্র্যাটেজি' বইতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির বিভিন্ন প্রেক্ষাপট তুলে ধরা হয়েছে । বিশেষ করে শীতল যুদ্ধ পরবর্তী সময়ে বিভিন্ন বৈশ্বিক ইস্যুকে যেভাবে সংশ্লিষ্ট করা হয়েছে যুক্তরাষ্ট্র সেটি এই বইয়ের অন্যতম প্রতিপাদ্য । সোভিয়েত ইউনিয়ন পতনের পর মুক্তবিশ্বের ধারণাটি জোরালো হবে এটা আশা করা হলেও বাস্তবে তা হয়নি । বরং দ্বিমের বিশ্বের ধারণাটি প্রচ্ছন্নভাবে থেকে গেছে এবং বলা যায় তা অন্যভাবে শক্তিশালী হয়েছে । বিশ্ব এখনো মোটামুটি দুটি মেরুতে বিভক্ত । রাশিয়ার ইউক্রেন যুদ্ধ এর একটি আদর্শ উদাহরণ । একে কেন্দ্র করে রাশিয়া, চীন, উত্তর কোরিয়া, ইরান ও বেলারুশ অভিন্ন অবস্থানে আছে । বহুমেরু বিশ্বের ধারণাটি এখনো তাত্ত্বিক পর্যায়ে রয়ে গেছে । কিন্তু দ্বিমের বিশ্ব যতদিন থাকবে সংযতকামীরা তা থেকে রাজনৈতিকভাবে সুবিধা পাবে না যেমনটি তারা পায়নি শীতলযুদ্ধ যুগের সময় । মূলধারার রাজনীতিকরা তাদের 'বিচ্ছিন্নতাবাদী' বা একঘরে হিসেবেই দেখে থাকেন ।

ইরাক ও আফগানিস্তান যুদ্ধ সংযতকামীদের দৃষ্টিভঙ্গি বোঝা সহজ করেছে । যদিও বৃহত্ শক্তিগুলোর লড়াই এখনো মার্কিন পররাষ্ট্রনীতিতে প্রাধান্য পাচ্ছে । উল্লেখিত যুদ্ধ দুটি যুক্তরাষ্ট্রের ইমেজ যথেষ্ট ম্লান করেছে । গত দুই দশকে প্রতিদ্বন্দ্বী দেশ হিসেবে চীনের উত্থান ঘটেছে । সম্প্রতি অর্থনৈতিক স্থবিরতা সত্ত্বেও আঞ্চলিক শক্তি হিসেবে এগিয়েছে চীন । চীন, রাশিয়া, উত্তর কোরিয়া, ইরান ও ভেনেজুয়েলাসহ কয়েকটি দেশের মধ্যে সহযোগিতা বেড়েছে । ইউরোপের প্রতিরক্ষা ক্ষমতা প্রত্যাশামতো শক্তিশালী হয়নি । বন্ধ হয়নি গাজায় রক্তপাত । সেখানে নিহতের সংখ্যা ৩৩ হাজার ছাড়িয়ে গেছে । হুতিসহ আফ্রিকা ও মধ্যপ্রাচ্যে মিলিশিয়া গ্রুপগুলো এখন সগৌরবে নিজেদের উপস্থিতি জানান দিচ্ছে । চীন ও রাশিয়া এদের নেপথ্যে সহযোগিতা করছে বলে ধারণা করা হয় ।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতিতে সংযতকামীরা আসলে কী চায়? তারা চায় অনাবশ্যক যুদ্ধ এড়াতে । বৈশ্বিক নেতৃত্ব থেকে যুক্তরাষ্ট্র সরে আসুক সেটি তাদের বক্তব্য নয় । যেখানে যুদ্ধের বিকল্প আছে সেখানে সেটা বেছে নেওয়া উচিত । মধ্যপ্রাচ্যে কোনো দেশের সঙ্গে সাধারণ সম্পর্ক, কোনো দেশের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক, কোনো দেশের সঙ্গে বিশেষ সম্পর্ক আবার কোনো দেশের সঙ্গে সম্পর্ক না রাখা অথবা বৈরী দেশের তালিকাভুক্ত করা তারা সমর্থন করে না । তারা চায় সব দেশের সঙ্গে অন্তত একটি সাধারণ সম্পর্ক থাকুক । বর্তমানে কোনো দেশকে পুরোপুরি একঘরে করে রাখা যায় না । বৈরী তকমা দিয়ে বিচ্ছিন্ন করে রাখলে সেই দেশগুলোর মধ্যে আবার পারস্পরিক সম্পর্ক জোরদার হয় । চীন, রাশিয়া ও ইরান যার প্রকৃষ্ট উদাহরণ । আদর্শিক ভিন্নতা সত্ত্বেও জাতীয় স্বার্থে তারা একটি সম্পর্ক রক্ষা করে চলে । মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতি বলে দেয় সংযতকামীদের দৃষ্টিভঙ্গি কতটুকু বাস্তবসম্মত । তবে পররাষ্ট্রনীতিতে এই মতবাদের বিরোধীতাকারীদের দৃষ্টিভঙ্গি আবার উল্টো । বিনা প্রয়োজনে 'সংযম' ধারণ করার পক্ষপাতি নয় তারা । বিশ্ব পরাশক্তি হিসাবে যুক্তরাষ্ট্রের শীর্ষস্থানীয় অবস্থান যে কোনো মূল্যে ধরে রাখার পক্ষে তারা । একারণে যুক্তরাষ্ট্রের আভ্যন্তরীন নীতিতে নেতাদের মধ্যে এক ধরনের স্পষ্ট বিরোধীতা সৃষ্টি হয়েছে । কখনো কখনো একেবারে বিপরীত মেরুতে থাকে তাদের অবস্থান ।

৫ মিলিয়ন ডলারে মুক্তি পেলো

(প্রথম পাতার পর)

দলে ভাগ করে সরকারি বাহিনীর হাত থেকে বাঁচতে নিজেরা চলে যাই । জাহাজটির সব ক্রুকেও ছেড়ে দেওয়া হয়েছে । সামুদ্রিক সূত্রগুলো বলছে, জলদস্যুরা হয়তো ইয়েমেনের ইরান সমর্থিত হুথি গোষ্ঠীর হামলার কারণে সৃষ্ট বিশৃঙ্খলার সুযোগ নিচ্ছে । এর আগে আজ ভোর ৩টা ৪৫ মিনিটে এমভি আবদুল্লাহ সোমালিয়ার জলদস্যুদের কাছ থেকে মুক্তি পেয়ে দুবাই বন্দরের দিকে যাত্রা শুরু করে । এর আগে হেলিকপ্টার দিয়ে দস্যুদের কাছে ডলার পাঠানো হয় । ডলার পাওয়ার পরই জাহাজ ও জিম্মি ২৩ নাবিককে মুক্তি দেয় দস্যুরা ।

সোমালিয়ার জলদস্যুদের থেকে মুক্তি পাওয়া এমভি আবদুল্লাহ জাহাজটি দুবাই পৌঁছাতে ৫ থেকে ৭ দিন লাগতে পারে । দুবাই পৌঁছার পর জাহাজে থাকা ৫৫ হাজার টন কয়লা খালাস করা হবে । আর কয়লা খালাসের পর জাহাজটি চট্টগ্রামে চলে আসতে পারে ।

সংশ্লিষ্টরা জানিয়েছেন, জিম্মি অবস্থা থেকে মুক্তি পাওয়া ২৩ নাবিক চাইলে জাহাজ চালিয়ে চট্টগ্রামে আসতে পারে অথবা তারা যদি বিমানে করে দুবাই থেকে চট্টগ্রামে আসতে চায় সেই সুযোগও দেওয়া হবে । এসবের সবই নির্ভর করছে নাবিকদের ইচ্ছের ওপর ।

এমভি আবদুল্লাহকে জিম্মি করা ৮ সোমালিয়ান জলদস্যু গ্রেপ্তার

বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহকে জিম্মি করে মুক্তিপণ নেওয়া জলদস্যু গ্রুপের ৮ সদস্যকে গ্রেপ্তার করেছে সোমালিয়ার পুলিশ । দেশটির উত্তর-পূর্বাঞ্চলীয় ফেডারেল রাজ্য পুন্টল্যান্ডের পূর্ব উপকূল থেকে তাদের গ্রেপ্তার করা হয় ।

পুন্টল্যান্ড পুলিশ ফোর্সের একজন উচ্চপদস্থ কর্মকর্তা সোমালিয়ার সংবাদমাধ্যম গারোয়ে অনলাইনকে জানিয়েছেন, জলদস্যুরা বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহকে আটক করেছিল । তবে জলদস্যুদেরকে দেওয়া মুক্তিপণের অর্থ উদ্ধার করা গেছে কিনা, তা নিশ্চিত হওয়া যায়নি ।

নাম প্রকাশে অনিচ্ছুক পুন্টল্যান্ডের এক পুলিশ কর্মকর্তা গারোওয়ে অনলাইনকে বলেন, মুক্তিপণ আদায়ের এই চর্চা জলদস্যুদের তৎপরতাকে আরও উৎসাহিত করতে পারে । পুন্টল্যান্ডের উপকূলরেখা জলদস্যুদের টার্গেটে রয়েছে ।

উল্লেখ্য, মার্চের মাঝামাঝি সময়ে ২৩ জন ক্রুসহ বাংলাদেশী জাহাজটি অপহরণ করা হয়েছিল । পুন্টল্যান্ড মেরিন পুলিশ ফোর্স সোমালিয়ার আন্তর্জাতিক অংশীদারদের সহায়তায় উপকূলরেখা বরাবর নজরদারি বাড়িয়েছে । এই প্রচেষ্টা এই অঞ্চলকে অনেকাংশে স্থিতিশীল করছে ।

জিম্মি জাহাজটি কীভাবে মুক্ত হলো, জানাল মালিকপক্ষ

সোমালিয়ান জলদস্যুদের কবল থেকে নাবিকদের মুক্তির বিষয়টি জানাতে সংবাদ সম্মেলন করেছে এমভি আব্দুল্লাহ জাহাজের মালিকপক্ষ । রোববার (১৪ এপ্রিল) দুপুরে চট্টগ্রামের আগ্রাবাদে এক সংবাদ সম্মেলনে জাহাজটির মালিকপক্ষ কেএসআরএম গ্রুপের উপব্যবস্থাপনা পরিচালক শাহরিয়ার জাহান জাহাজটি মুক্ত করতে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছিল, তা বর্ণনা করেন । তিনি বলেন, 'শনিবার বাংলাদেশ সময় দিবাগত রাত তিনটা নাগাদ জাহাজটি থেকে নেমে যায় সোমালিয়ার দস্যুরা । এরপরই ইউরোপীয় ইউনিয়নের দুটি যুদ্ধজাহাজের পাহারায় এমভি আবদুল্লাহ সংযুক্ত আরব আমিরাতের আল হারমিয়া বন্দরের উদ্দেশে রওনা হয় । তার আগে দস্যুদের সঙ্গে সমঝোতা করে জাহাজটি ছাড়িয়ে আনতে এক মাস নির্ঘুম রাত কেটেছে আমাদের । জাহাজটি ১৯ বা ২০ এপ্রিল আরব আমিরাতের আল হারমিয়া বন্দরে পৌঁছানোর কথা রয়েছে । সেখান থেকে উড়োজাহাজে বা একই জাহাজে করে নাবিকদের চট্টগ্রামে ফিরিয়ে আনা হবে । এটি নির্ভর করছে নাবিকদের ওপর, তারা কীভাবে ফিরে আসতে চান ।'

আন্তর্জাতিক নানা সংস্থার সহায়তা নেওয়ার কথা উল্লেখ করে তিনি আরও বলেন, 'গত ১২ মার্চ ভারত মহাসাগর থেকে জাহাজটি জিম্মি করার পর প্রথম দিন থেকেই আমরা কাজ শুরু করি । আন্তর্জাতিক নানা সংস্থার সহায়তা নিই । মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভার বৈঠক থেকেও বিষয়টি তদারকির নির্দেশ দিয়েছিলেন । আমাদের পররাষ্ট্রমন্ত্রী, নৌপরিবহন প্রতিমন্ত্রী ও শিক্ষামন্ত্রী-তিনজনই সব সময় সহযোগিতা করে আসছিলেন । নাবিকদের নিরাপত্তা নিয়ে খুব উদ্বিগ্ন ছিলাম । আন্তর্জাতিক নৌবাহিনীর অভিযানের কথা শুনে দ্রুত পররাষ্ট্রমন্ত্রীকে জানিয়েছি । আধা ঘণ্টার মধ্যেই অভিযানের প্রস্তুতিতে থাকা যুদ্ধজাহাজ দ্রুত সরে গেছে । কারণ, অভিযান হলে নাবিকদের জীবনের ঝুঁকি বেড়ে যেত ।'

কেএসআরএম গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেরুল করিম বলেন, 'জাহাজের অবস্থান আমরা নিয়মিত পর্যবেক্ষণ করে আসছিলাম । নাবিকদের মুক্ত করতে সোমালিয়া, কেনিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র- এই চার দেশের নিয়মকানুন মেনেই সমঝোতা হয়েছে । সবকিছুই বৈধভাবেই শেষ হয়েছে । তবে সমঝোতার শর্ত অনুযায়ী অনেক কিছু আমরা প্রকাশ করতে পারছি না ।'

সব প্রক্রিয়া শেষ হওয়ার পর শনিবার (১৩ এপ্রিল) দিবাগত রাত তিনটার দিকে ৯টি স্পিডবোটে একে একে নেমে যায় ৬৫ জলদস্যু । মুক্ত হয় ২৩ নাবিকসহ এমভি আবদুল্লাহ উল্লেখ করে তিনি ।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন-কেএসআরএম গ্রুপের উপব্যবস্থাপনা পরিচালক করিম উদ্দিন ও সরওয়ার জাহান রোকন, প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেরুল করিম ও গণমাধ্যম উপদেষ্টা মিজানুল ইসলাম ।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

মধ্যপ্রাচ্যে উত্তেজনা, ট্রাই স্ট্রেট

(প্রথম পাতার পর)

ইরানের বিরুদ্ধে ইসরায়েলি কোনো পাল্টা হামলায় যুক্তরাষ্ট্র অংশ নেবে না। প্রতিবেদনে বলা হয়েছে, বাইডেন নেতানিয়াহুকে বলেছেন, যুক্তরাষ্ট্র ইরানে ইসরায়েলের পাল্টা হামলার বিরোধিতা করবে।

শনিবার রাতে হোয়াইট হাউস এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে। হোয়াইট হাউস বলেছে, 'ইরান ইসরায়েলের বিরুদ্ধে বিমান হামলা শুরু করেছে।' জাতীয় নিরাপত্তা পরিষদের মুখপাত্র অ্যাড্রিয়েন ওয়াটসন এক বিবৃতিতে বলেছেন, 'প্রেসিডেন্ট বাইডেন স্পষ্ট ভাষায় বলেছেন, ইসরায়েলের নিরাপত্তার প্রতি তাদের সমর্থন লৌহদৃঢ়।' তিনি আরও বলেন, 'যুক্তরাষ্ট্র ইসরায়েলের জনগণের পাশে দাঁড়াবে এবং ইরানের এই হুমকির বিরুদ্ধে তাদের প্রতিরক্ষা ব্যবস্থাকে সমর্থন করবে। অপরদিকে ক্ষমতায় থাকলে ইসরায়েলে ইরানে হামলা চালাতে পারতো না বলে জানিয়েছেন , সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইরানের নজিরবিহীন হামলার খবর পাওয়ার পর ট্রাম্প শনিবার তার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে পোস্ট করা একাধিক বার্তায় নিজের প্রতিক্রিয়া জানান। সেইসাথে ইরানের হামলার পর ইসরাইলের পাশে থাকার অঙ্গীকার করেছেন কংগ্রেসের স্পিকার মাইক জনসন। এর আগে গত ১ এপ্রিল সিরিয়ার রাজধানী দামেস্কে ইরানি কনস্যুলেটে বিমান হামলা হয়। এতে ইরানের বিপ্লবী গার্ড বাহিনীর দুই শীর্ষ জেনারেলসহ সব মিলিয়ে ১১ জন নিহত হন। ইসরায়েল আনুষ্ঠানিকভাবে এই হামলার দায় স্বীকার না করলেও ইরান ইসরায়েলকেই এর জন্য দায়ী করে আসছে। জবাবে শনিবার ইসরায়েলকে লক্ষ্য করে একসঙ্গে বেশ কয়েকটি ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় ইরান।

ইরান-ইসরায়েল উত্তেজনায় মধ্যপ্রাচ্যে ৩ ফ্লাইট বাতিল করল ইউনাইটেড

এদিকে ইরান ও ইসরায়েলের মধ্যে চলমান উত্তেজনার মধ্যে মধ্যপ্রাচ্য থেকে অন্তত তিনটি ফ্লাইটের যাত্রা বাতিল করেছে যুক্তরাষ্ট্রের উড়োজাহাজ সংস্থা ইউনাইটেড এয়ারলাইন্স। ফ্লাইটগুলো হলো- নিউ জার্সির নিওয়ার্ক থেকে তেল আবিব, ওয়াশিংটন ডিসি থেকে জর্ডানের আম্মান এবং দুবাই থেকে নিওয়ার্কের একটি ফ্লাইট। এ বিষয়ে এয়ারলাইন্সটি জানিয়েছে, তারা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন এবং তাদের গ্রাহকদের এবং ক্রুদের নিরাপত্তার দিকে মনোযোগ দিয়ে আসন্ন ফ্লাইটের বিষয়ে সিদ্ধান্ত নেবেন ।

ইরানের সঙ্গে আর উত্তেজনা বাড়াতে চায় না আমেরিকা

অপরদিকে ইরানের সঙ্গে আর উত্তেজনা বাড়াতে চায় না ইসরায়েলের ঘনিষ্ঠ মিত্র যুক্তরাষ্ট্র। পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন বলেছেন, যুক্তরাষ্ট্র আর উত্তেজনা চায় না। তবে ইসরায়েলকে সমর্থন অব্যাহত রাখবে বলে জানিয়েছেন তিনি। পররাষ্ট্রমন্ত্রী কঠোর ভাষায় ইরানি হামলার নিন্দা জানিয়ে একটি বিবৃতি জারি করেন। তাতে তিনি বলেন, "আর উত্তেজনা চায় না আমেরিকা। তবে ইসরায়েলের প্রতিরক্ষা এবং ওই অঞ্চলে যুক্তরাষ্ট্রের কর্মীদের রক্ষায় 'সমর্থন অব্যাহত রাখবে'। ব্লিংকেন আরও বলেন,"তিনি সামনের দিনগুলোতে আঞ্চলিক এবং সারা বিশ্বে তাদের মিত্র ও অংশীদারদের সাথে পরামর্শ করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহন করবেন ।

কুয়েত-কাতারের যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি থেকে ইরানের ওপর হামলা নিষিদ্ধ

কুয়েত ও কাতারে অবস্থিত যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি এবং দেশ দুটির আকাশসীমা ব্যবহার করে ইরানের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া চলবে না। মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক উত্তেজনা বৃদ্ধির জেরে এ সিদ্ধান্ত নিয়েছে কুয়েত ও কাতারের সরকার। বিষয়টি এরই মধ্যে যুক্তরাষ্ট্রকে জানিয়েও দিয়েছে তারা। ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন প্রেস টিভি এবং রাষ্ট্রীয় বার্তা সংস্থা আইআরএনএ এ তথ্য জানিয়েছে। শনিবার রাতে প্রথমবারের মতো ইসরায়েলি ভূখ- সরাসরি হামলা চালায় ইরান। তার আগেই কুয়েত-কাতার জানিয়ে দিয়েছিল, তাদের দেশে অবস্থিত ঘাঁটি থেকে ইরানের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারবে না যুক্তরাষ্ট্র।

মধ্যপ্রাচ্যে ইরান-ইসরায়েল উত্তেজনা নিয়ে উদ্বিগ্ন আন্তর্জাতিক মহল

ইসরায়েলি ভূখ- ইরানের অপারেশন ট্রু প্রমিজ হামলার পর নতুন করে সংঘাত ছড়িয়ে পড়ার শঙ্কা মধ্যপ্রাচ্যে। সবারই উদ্বেগ, পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায় কিনা। এমনিতেই ইউক্রেন যুদ্ধ ও গাজায় আগ্রাসনের কারণে চাপের মুখে বিশ্বের অর্থনীতি। এ অবস্থায়, নতুন আরেকটি সংঘাতের সম্ভাবনায় আতঙ্কিত জাতিসংঘ। যেকোনো মূল্যে যুদ্ধ এড়ানোর তাগিদ সংস্থাটির মহাসচিবের। জাতিসংঘ মহাসচিব অ্যান্তনিও গুতেরেস বলেন, অবিলম্বে ইসরায়েলে ইরানের এই বিদ্বেষমূলক আচরণ বন্ধ করতে হবে। একইসাথে, মধ্যপ্রাচ্যে বড় ধরণের সামরিক সংঘাত এড়াতে সব পক্ষকে সর্বোচ্চ শান্ত থাকার আহ্বান জানান। চলমান উত্তেজনায় গভীর উদ্বেগ জানিয়েছে তেহরানের ঘনিষ্ঠ কূটনৈতিক ও অর্থনৈতিক মিত্র চীন। সংঘাত যাতে আর না ছড়ায়, তা নিশ্চিত করতে বিবদমান পক্ষগুলোকে সংযত থাকার আহ্বান জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, ক্রমবর্ধমান উত্তেজনায় গভীর উদ্বিগ্ন চীন। অঞ্চলটিতে শান্তি ও স্থিতিশীলতার জন্য প্রভাবশালী রাষ্ট্রগুলোর প্রতি গঠনমূলক ভূমিকা নেয়ার আহ্বান জানায় দলটি। কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো ইরানের হামলার নিন্দা জানিয়ে ওই অঞ্চলের শান্তি বজায় রাখতে উভয়পক্ষকেই আহ্বান জানান। স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ গভীর উদ্বেগ জানিয়ে বলেন, যেকোনো কিছুর বিনিময়ে আঞ্চলিক এই সংঘাত বন্ধ করা প্রয়োজন। পর্তুগালের প্রধামন্ত্রী লুইস মন্টিনিগ্রো উভয়পক্ষকে নমনীয়তার দেখিয়ে সংঘাতে না জড়ানোর আহ্বান জানিয়েছেন।

আকাশসীমা খুলে দিয়েছে ইরাক ও জর্ডান

ইসরায়েলে হামলার জেরে আকাশসীমা বন্ধের ঘোষণা দিয়েছিল জর্ডান, ইরাক ও লেবানন। নাগরিকদের নিরাপত্তার স্বার্থে অস্থায়ীভাবে বেসামরিক বিমান চলাচল স্থগিতের ঘোষণা দেয় এই তিন দেশ। তবে বন্ধের প্রায় ১২ ঘণ্টা পর আকাশসীমা খুলে দেয়ার কথা জানিয়েছে জর্ডান ও ইরাক। জর্ডানের সিভিল অ্যাভিয়েশন রেগুলেটরি অথরিটির বরাতে দিয়ে দেশটির রাষ্ট্রীয় টেলিভিশন চ্যানেল জানিয়েছে, ইরানের ইসরায়েলে ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপের কারণে আকাশসীমা অস্থায়ীভাবে বন্ধ করে দেয়া হয়েছিল। প্রায় ১২ ঘণ্টা বন্ধ থাকার পর আকাশসীমা পুনরায় খুলে দেয়া হয়েছে। এছাড়াও, ইরাকের বিমান চলাচল কর্তৃপক্ষ জানিয়েছে, নিরাপত্তা ঝুঁকি কাটিয়ে উঠার পর দেশটির আকাশসীমা আবার উন্মুক্ত করে দেয়া হয়েছে।

ইসরায়েলে বড় ক্ষয়ক্ষতি হয়েছে দাবি ইরানের

